দৈনিক

চাঁদপুর দিগন্ত

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

মঙ্গলবার

রেজিঃ নং-চ-৫১৩

২৭ অক্টোবর ২০২৬

২১ তম বর্ষ : সংখ্যা-৮৪

১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ

১৫ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com

Website : www.chandpurdiganta.com

দেশজুড়ে বাড়ছে অস্ত্রধারী সন্ত্রাসী

দিগন্ত ডেস্ক

দেশজুড়ে বাড়ছে অস্ত্রধারী সন্ত্রাসী। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উদ্যোগেও তা নিয়ন্ত্রণে আনা যাচ্ছে না। চলতি বছরের প্রথম ৯ মাসে ঢাকা, খুলনা, চট্টগ্রামসহ ২১ জেলায় ১৩৮টি গুলির ঘটনায় ৬৭ জনের প্রাণ গেছে। আর অন্তত ১৪৫ জন আহত হয়েছে। শুধু রাজধানীতেই গত ৯ মাসে ঘটেছে ১৭টি গুলির ঘটনা। ওসব ঘটনায় ৬ জন নিহত ও ১৫ জন আহত হয়। একই সময় খুলনায় সর্বাধিক ৩৯টি গুলির ঘটনা ঘটে। তাতে ১৫ জন নিহত ও ২০ জন আহত হয়। আর চট্টগ্রামে ৩১টি গুলির ঘটনা ঘটে এবং নিহত হয় ১৩ জন। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং মানবাধিকার সংগঠন সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।

সংশ্লিষ্ট সূত্র মতে, দেশে বিগত ২০২৪ সালে রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকেই বাড়তে থাকে অপরাধী ও দুর্বৃত্তদের হাতে অবৈধ আগ্নেয়াস্ত্রের মজুদ। ওই সময় সন্ত্রাসীদের হাতে থানা ও ফাঁড়ি থেকে পুলিশের লুট হওয়া ৫ হাজার ৭৬৩টি আগ্নেয়াস্ত্রের বেশির ভাগ চলে যায়। লুণ্ঠিত অস্ত্র উদ্ধারে নানা অভিযানেও একনো ১৩ শতাধিক অস্ত্র উদ্ধার হয়নি। তাছাড়া দেশের

বিভিন্ন সীমান্তে চোরাই পথেও দেশে ঢুকছে প্রচুর আগ্নেয়াস্ত্র। আর ওসব অস্ত্রের কারণে দেশজুড়ে বাড়ছে খুনাখুনি। গত ২০২৫ সালে দেশে ২৫০ জনের বেশি গুলিবিদ্ধ হয় এবং অন্তত ৮০ জন মারা যায়।

সূত্র জানায়, বর্তমানে দেশে শহর থেকে গ্রামে সর্বত্রই বাড়ছে অস্ত্রধারী সন্ত্রাসী। আর ওসব অস্ত্রধারীর বেশির ভাগ কিশোর-তরুণ। তারা শীর্ষ সন্ত্রাসীদের সহযোগী হিসেবে অর্থের বিনিময়ে ভাড়া খাটছে। তাদের নিয়ন্ত্রণে পাড়া-মহল্লায় অস্ত্রধারী চক্র গড়ে উঠেছে। অস্ত্রধারী সন্ত্রাসীরাই নিয়ন্ত্রণ করছে দেশজুড়ে মাদকের স্পট। তাছাড়া তারা প্রায়ই পথচারীদের অস্ত্র ঠেকিয়ে সর্বস্ব লুটে নিচ্ছে। কিন্তু সাধারণ মানুষ অনেক ক্ষেত্রেই ভয়ে সাহস পাচ্ছে না থানায় অভিযোগ করতেও। যদিও সরকারের পক্ষ থেকে লুণ্ঠিত ও অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান আরো জোরদারে তথ্য প্রদানকারীদের জন্য বড় অঙ্কের আর্থিক পুরস্কার ঘোষণা করা হয়েছে। কিন্তু তাতেও নিয়ন্ত্রণে আসছে না পরিস্থিতি। বরং দিন দিন তা আরো বাড়ছে। সরকারের পক্ষ থেকে লুণ্ঠিত অস্ত্র উদ্ধারের জন্য বিশেষ ইউনিট গঠন করার কথা বলা হয়েছে। তাছাড়া সন্ত্রাস, চাঁদাবাজি ও মাদক নিয়ন্ত্রণে নির্ধারিত সময়সীমার মধ্যে অগ্রগতি দেখাতে ব্যর্থ ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে ডাল কাটতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে বৃদ্ধের মৃত্যু

বিশেষ প্রতিনিধি

ফরিদগঞ্জে নারিকেল গাছের ডাল কাটতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মো. রফিকুল ইসলাম বেপারি (৬৫) নামের এক বৃদ্ধের মর্মান্তিক মৃত্যু হয়েছে।

সোমবার (২৬শে অক্টোবর) দুপুরে উপজেলার সুবিদপুর পশ্চিম ইউনিয়নের দক্ষিণ চৌরাঙ্গা বেপারি বাড়িতে এ ঘটনা ঘটে। নিহত রফিকুল ইসলাম বেপারি ওই এলাকার মৃত ছলেমান বেপারির ছেলে এবং তিনি দুই ছেলে ও দুই মেয়ের জনক ছিলেন।

নিহতের পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, ঘটনার দিন দুপুর দেড়টার দিকে রফিকুল ইসলাম নিজ বাড়ির একটি নারিকেল গাছের ডাল কাটতে ওঠেন। গাছে ওঠার কিছুক্ষণ পরই হঠাৎ তাঁর মাগো বলে আর্তচিৎকার শুনতে পান পরিবারের সদস্যরা। এ সময় নিচে থাকা তাঁর মেয়ে নাছিমা আক্তার ও স্বজনরা ২-এর পাতায় দেখুন

মাদরাসাকে যারা অবজ্ঞা করবেন, দুনিয়াতেও তারা অসম্মানিত হবেন : জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, মাদ্রাসা নিয়ে হাজার অবহেলা, অবজ্ঞা ও ষড়যন্ত্র চলছে। সরকারি আলিয়া মাদ্রাসাগুলো এখন ভূতুড়ে মরুভূমিতে পরিণত হয়েছে। এমপিওভুক্ত যেসব মাদ্রাসা আছে, সেগুলোর অবস্থাও ভালো না। সিলেবাসকে সংকুচিত করা হয়েছে। এখন আবার কায়দা করে মাদ্রাসাকে স্কুল বানানোর উদ্যোগ নেওয়া হচ্ছে।

সোমবার রাজধানীর শেরেবাংলা নগরের বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে তানযীমুল উম্মাহ ফাউন্ডেশনের ১৪তম হিফজুল কোরআন অ্যাওয়ার্ড ও কোরআন উৎসব ২০২৬ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, মাদ্রাসা ২-এর পাতায় দেখুন

রক্তাক্ত ২৮ অক্টোবর কাল

রক্তাক্ত ২৮ অক্টোবর বুধবার কাল। ২০০৬ সালের এই দিনে এ দেশের রাজনীতির ইতিহাসে এক কলংকজনক অধ্যায় রচিত হয়। চারদলীয় জোট সরকারের শেষ সময়ে আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটের সমাবেশ থেকে প্রকাশ্য দিবালোকে লগি-বৈঠা দিয়ে তরতাজা তরুণদের পিটিয়ে হত্যা করা হয়। এ নির্মম হত্যাকাণ্ড ও পাশবিকতায় কেঁদেছে বাংলাদেশ, কেঁদেছে বিশ্বমানবতা। জাতিসংঘের তৎকালীন মহাসচিব থেকে শুরু করে সারাবিশ্বে ওঠে প্রতিবাদের ঝড়। শুধু হত্যাই নয়, মৃত লাশের উপর নৃত্য করার দৃশ্যও প্রত্যক্ষ করে বিশ্ববাসী। এটা শুধুমাত্র নৃশংস হত্যাকান্ডই নয়, এর মধ্যদিয়ে বাংলাদেশের গণতন্ত্রের স্বাভাবিক পথ চলা ব্যাহত হয়, ঘটে ব্যত্যয়। সর্বত্র বিচারহীনতার সংস্কৃতি থেকে বেড়িয়ে আসার শ্লোগান ২-এর পাতায় দেখুন

মতলব উত্তর ছেংগারচর পৌরসভার পাঠাগার উদ্বোধন করছেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

ছেংগারচর পৌর পাঠাগার উদ্বোধন করলেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

মতলব উত্তর প্রতিনিধি

চাঁদপুরের প্রতিটি ইউনিয়নের যেকোনো একটি প্রাথমিক বিদ্যালয়ে একটি করে পাঠাগার গড়ে তোলা হবে এবং পরবর্তীতে ধাপে ধাপে উপজেলার সব স্কুলেই পাঠাগার স্থাপন করা হবে বলে জানিয়েছেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। ইতিমধ্যে চাঁদপুর জেলার ৬টি ইউনিয়নে পাঠাগার গড়ে তোলা হয়েছে বলেও জানান তিনি।

সোমবার (২৬ অক্টোবর) ছেংগারচর পৌরসভার পৌর পাঠাগার উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে জেলা প্রশাসক বলেন, উপজেলায় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা না থাকার বিষয়টি ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে জানানো ৩-এর পাতায় দেখুন

নিষেধাজ্ঞা তবুও মতলবে বিক্রি হচ্ছে ডিমওয়ালা ইলিশ

স্টাফ রিপোর্টার

ইলিশের প্রজনন মৌসুমে ২২ দিনের মাছ ধরার নিষেধাজ্ঞা চললেও মতলব উত্তর উপজেলার মেঘনা নদীর তীরবর্তী বিভিন্ন বাজারের হোটেলে অবাধে বিক্রি হচ্ছে ডিমওয়ালা ইলিশ। প্রজনন মৌসুমে ইলিশের প্রজনন এলাকায় এমন বিক্রির ঘটনায় মৎস্যসম্পদ বৃদ্ধির উদ্যোগ ব্যাহত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

উপজেলার মেঘনাপাড়ের ষাটনল, ছটাকি, মোহনপুর, চরকাশিম, এখলাশপুর, আনন্দ ও আমিরাবাদ বাজারের ভাতের হোটেলগুলোতে অবাধে বিক্রি হচ্ছে ডিমওয়ালা ৩-এর পাতায় দেখুন

মতলবে আটক নিষিদ্ধ ছাত্রলীগ নেতাকে ছাড়িয়ে নিলেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণে পুলিশের অভিযানে আটক হওয়া নিষিদ্ধঘোষিত ইউনিয়ন ছাত্রলীগের সভাপতিকে ছাড়িয়ে নেওয়ার অভিযোগ উঠেছে ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদসহ ইউনিয়ন বিএনপি ও যুবদলের কয়েকজন নেতা-কর্মীর বিরুদ্ধে। এঘটনায় সামাজিক যোগাযোগ মাধ্যমসহ এলাকাজুড়ে ব্যাপক সমালোচনার ঝড় বইছে।

শনিবার (২৪ অক্টোবর) রাত ৯টার দিকে মতলব দক্ষিণ উপজেলার নায়েরগাঁও দক্ষিণ ইউনিয়নের আশ্বিনপুর মোড় এলাকায় এ ঘটনা ঘটে।

ছাড়িয়ে নেওয়া নিষিদ্ধ ছাত্রলীগের ওই নেতার নাম তামজিদ হাসান মৃধা (৩২)। তিনি মতলব দক্ষিণ উপজেলার নায়েরগাঁও দক্ষিণ ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি। তামজিদ মৃধা ওই ইউনিয়নের আশ্বিনপুর গ্রামের মৃত আবদুল আউয়াল বাচ্চু মৃধার ছেলে। তার দুই ভাই বিএনপির রাজনীতির সাথে জরিত। এক ভাই তোফায়েল মৃধা উপজেলা যুবদলের সদস্য এবং আরেক ভাই আলম মৃধা ইউনিয়ন বিএনপির ৩-এর পাতায় দেখুন

কচুয়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শ্রমিকের মৃত্যু

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলায় একটি মৎস্য খামারে মাছের খাবার দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আলাউদ্দিন (২৮) নামে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরিফ (২২) নামে অপর এক শ্রমিক আহত হয়েছেন। নিহত ও আহত দুজন সম্পর্কে ভাই। তাঁদের বাড়ি গাইবান্ধা জেলায়।

রবিবার (২৫ অক্টোবর) বিকেল ৫টার দিকে উপজেলার গোহট উত্তর ইউনিয়নের মিয়ার বাজার এলাকার মহিউদ্দিন ট্রেডার্স ও মৎস্য খামারে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, আলাউদ্দিন ও আরিফ দীর্ঘদিন ধরে ওই মৎস্য ৩-এর পাতায় দেখুন

সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা সাংবাদিক শফিকুর রহমানের জানাজায় অংশগ্রহণকারী মুসল্লিদের একাংশ।

সাবেক এমপি সাংবাদিক শফিকুর রহমানের দাফন সম্পন্ন

ইয়াছিন পালোয়ান

চাঁদপুর-৪ (ফরিদগঞ্জ) আসনের সাবেক সংসদ সদস্য ও জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা সাংবাদিক মুহম্মদ শফিকুর রহমান এর রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার এবং জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে। সোমবার (২৬ অক্টোবর) বেলা ২টায় ফরিদগঞ্জ উপজেলার বালিথুবা আব্দুল হামিদ উচ্চ বিদ্যালয় মাঠে প্রথমে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন উপজেলা সহকারী ৩-এর পাতায় দেখুন

মতলবে পুলিশের অভিযানে গ্রেফতার ৩

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণ থানা পুলিশ পৃথক অভিযান চালিয়ে ইয়াবা ও গাঁজাসহ ২ জন মাদক ব্যবসায়ী এবং পরোয়ানাভুক্ত ১ জন আসামিসহ মোট ৩ জনকে গ্রেফতার করেছে।গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ শেষে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

পুলিশ সূত্রে জানায়, চট্টগ্রাম রেঞ্জ ডিআইজির মাদকমুক্ত সমাজ গঠনে ঘোষিত জিরো টলারেন্স নীতি বাস্তবায়নে এবং মতলব দক্ষিণ থানার অফিসার ইনচার্জ (ওসি) হাফিজুর রহমান মানিকের দিক-নির্দেশনায় এই অভিযান পরিচালনা করা হয়।

রবিবার (২৫ অক্টোবর) রাতে এসআই (নিরস্ত্র) দেলোয়ার হোসেনের নেতৃত্বে একদল পুলিশ ৪নং নারায়নপুর ইউনিয়নের চর পয়ালী মিরামা এলাকায় অভিযান ৩-এর পাতায় দেখুন

৩৩ লাখ টাকা আত্মসাতের অভিযোগ

ফরিদগঞ্জে প্রধান শিক্ষকসহ ২ জনকে বরখাস্ত করলো ম্যানেজিং কমিটি

স্টাফ রিপোর্টার

ফরিদগঞ্জ উপজেলার গোবিন্দপুর উচ্চ বিদ্যালয়ের তহবিল থেকে ৩৩ লাখ ১৫ হাজার ৮০৯ টাকা আত্মসাৎ ও নানা অনিয়মের অভিযোগে প্রধান শিক্ষক কবির আহমেদ এবং অফিস সহকারী সাইফুল ইসলামকে সাময়িক 'বরখাস্ত' করেছে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি।

প্রাথমিক অভ্যন্তরীণ নিরীক্ষায় তাদের বিরুদ্ধে আর্থিক অনিয়মের তথ্য পাওয়ার পর এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে দাবি করা হচ্ছে।

সোমবার বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির এক জরুরি সভায় তাদের দুই মাসের জন্য সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নেওয়া হয়।

এর আগে ১৮ অক্টোবর তাদের সাত দিনের মধ্যে আত্মসাতের অভিযোগে উল্লিখিত সমুদয় অর্থ ফেরত দেওয়ার নির্দেশ দিয়ে চিঠি দেওয়া হয়েছিল। তবে তারা চিঠি গ্রহণ করেননি এবং অর্থও ফেরত দেননি বলে জানিয়েছে কমিটি।

অভিযোগ সূত্রে জানা যায়, ২০১৫ সালে প্রধান শিক্ষক হিসেবে যোগদানের পর থেকেই কবির আহমেদের বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য, কোচিং সিন্ডিকেট, শিক্ষক-কর্মচারী ও অভিভাবকদের সঙ্গে অসদাচরণ এবং বিদ্যালয়ের তহবিল তছরুপ করেছেন।

এসব কারণে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমেও স্থবিরতা তৈরি হয় বলে অভিযোগ রয়েছে। অফিস সহকারী সাইফুল ইসলাম ৩-এর পাতায় দেখুন

হাইমচরে দুই প্রতিষ্ঠানকে জরিমানা

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলার চরভৈরবী মাছঘাট সংলগ্ন এলাকায় সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ মজুত ও বিক্রির দায়ে একটি খাবারের দোকানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এ সময় প্রায় ১৮ কেজি ইলিশ মাছ জব্দ করে দুটি এতিমখানায় বিতরণ করা হয়। একই অভিযানে অপরিচ্ছন্ন পরিবেশে খাদ্যপণ্য বিক্রির দায়ে ৩-এর পাতায় দেখুন

এবার ভারতজুড়ে বিজেপি'র বিক্ষোভ

আন্তর্জাতিক ডেস্ক

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিয়ে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের বিতর্কিত মন্তব্যের প্রতিবাদে দেশজুড়ে বিক্ষোভ করেছে ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। নয়াদিল্লি, মুম্বাই, পাটনা, রাঁচি, কলকাতা, জম্মু ও বেঙ্গালুরুর মতো বড় শহরগুলোতে বিক্ষোভ থেকে খাড়গের পদত্যাগ ও প্রকাশ্যে ক্ষমা চাওয়ার দাবি জানানো হয়েছে।

সোমবার (২৬ অক্টোবর) ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদন অনুযায়ী, রোববার পাটনায় এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদিকে নিয়ে করা মন্তব্যের জবাবে খাড়গে বলেন, 'মোদি কা বাপ ভি জায়েগা'। তার এই বক্তব্য ঘিরেই রাজনৈতিক বিতর্ক শুরু হয়। প্রতিবাদে বিহার ও জম্মুতে বিজেপি কর্মীরা খাড়গের কুশপুত্তলিকা ও পোস্টার পোড়ান। বেঙ্গালুরুর ফ্রিডম পার্কেও বড় ৩-এর পাতায় দেখুন

পে-স্কেল বাস্তবায়নের দাবিতে এমপিওভুক্ত শিক্ষকদের লাগাতার কর্মসূচির ঘোষণা

দিগন্ত ডেস্ক

নতুন পে স্কেলের প্রজ্ঞাপন প্রকাশ, বদলির ফল ঘোষণা এবং শতভাগ উৎসব ভাতার দাবিতে এবার কঠোর আন্দোলনে নামছেন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা। আগামী ৪ নভেম্বর থেকে অবস্থান কর্মসূচির মধ্য দিয়ে এই আন্দোলন শুরু হবে।

সোমবার এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্যসচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী গণমাধ্যমকে এসব তথ্য নিশ্চিত করেছেন।

শিক্ষকদের বদলি প্রসঙ্গে তিনি বলেন, বদলির জন্য আবেদন গ্রহণের দেড় মাস হতে চললেও এখন পর্যন্ত ফল প্রকাশ করা হয়নি। ফলে নিজ বাড়ি থেকে শত শত কিলোমিটার দূরে কর্মরত ৩-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী

২৭ অক্টোবর ২০২৬

মঙ্গলবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

চান্দ্রা ইউনিয়নের সাবেক চেয়ারম্যানের ওপর হামলা

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার ১২নং চান্দ্রা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ইউসুফ খানের ওপর অতর্কিত হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় তাঁর দুই হাত ভেঙে গেছে বলে দাবি করেছেন তিনি।

সোমবার (২৬ অক্টোবর) দুপুরে ১৩নং হানারচর ইউনিয়ন ভূমি অফিসের সামনে এ হামলার ঘটনা ঘটে।

পরে স্থানীয়দের সহায়তায় তাঁকে উদ্ধার করে চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

আহত ইউসুফ খানের অভিযোগ, জমির খাজনা দিতে ভূমি অফিসে গেলে পূর্বশত্রুতার জেরে একদল দুর্বৃত্ত পরিকল্পিতভাবে তাঁর ওপর হামলা চালায়। তিনি জানান, সোমবার দুপুর ১২টার দিকে জমির খাজনা পরিশোধের জন্য ১৩নং হানারচর ইউনিয়ন ভূমি অফিসে যান। এ সময় তাঁকে একা পেয়ে একই এলাকার নুরু খানের ছেলে লিটন, ওমর আলী, নাছির খান, শুক্কুরীসহ আরও ৮-১০ জনের একটি দল তাঁর ওপর অতর্কিত হামলা চালায়। হামলায় তাঁর শরীরের বিভিন্ন স্থানে রক্তাক্ত জখম হয় ৩-এর পাতায় দেখুন



দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
মঙ্গলবার ২৭ অক্টোবর ২০২৬, ১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ১৫ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

চাঁদপুরে আরএস টাওয়ারের পাশের ঝুঁকিপূর্ণ বিদ্যুৎ লাইন সরানোর দাবি এলাকাবাসীর

শহর প্রতিনিধি



চাঁদপুর শহরের নিউ ট্রাক রোডে অবস্থিত আরএস টাওয়ারের পাশ দিয়ে টানা ৩৩ হাজার ও ১১ হাজার ভোল্টের বিদ্যুৎ সঞ্চালন লাইন নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার দাবি জানিয়েছেন এলাকাবাসী। তাঁদের অভিযোগ, ভবনের পাশ ঘেঁষে থাকা বিদ্যুতের ঝুঁকিপূর্ণ লাইন থেকে যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এরই মধ্যে গত ৩ অক্টোবর ভবনটিতে বেড়াতে আসা দুই শিশু বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হয়। পরে তাদের একজন চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

এ ঘটনায় চাঁদপুর পৌরসভা ভবনটির সামনের অংশ ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে। তবে ওই অংশটুকু বৈধ দাবি করে পৌরসভার সিদ্ধান্তটি পুনর্বিবেচনার আবেদন জানিয়েছেন ভবনটির মালিক রাসেল হোসেন।

ভবন মালিক রাসেল হোসেন জানান, তিনি সৌদি আরব থেকে দেশে ফিরে ২০০৬ সালে চাঁদপুর শহরের নিউ ট্রাক রোড এলাকায় ৬ দশমিক ২৪ শতাংশ জমি ক্রয় করেন। এর মধ্যে ৫ দশমিক ১০ শতাংশ জমিতে ভবন নির্মাণের জন্য ২০০৯ সালে পৌরসভা থেকে নকশা অনুমোদন নেন। বাকি জমি ভবনের চারপাশে রয়েছে। ২০২৩ সালে সড়ক সম্প্রসারণের সময় তৎকালীন পৌর মেয়রের অনুরোধে ড্রেনেজ নির্মাণের জন্য ভবনের সামনের তিনটি সিঁড়ি ছেড়ে দেন তিনি।

তিনি আরও জানান, ভবনটির পাশ দিয়ে বিদ্যুতের সঞ্চালন লাইন থাকায় দীর্ঘদিন ধরেই ঝুঁকির বিষয়টি নিয়ে উদ্বিগ্ন তিনি। এ সমস্যা সমাধানে ২০২২ সালের ২৫ জানুয়ারি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চাঁদপুর বিক্রয় ও বিতরণ বিভাগের নির্বাহী প্রকৌশলী বরাবর আবেদন করেন। পরবর্তী সময়ে নির্বাহী প্রকৌশলীর পরামর্শ ও সুপারিশ নিয়ে বিদ্যুৎ বিভাগের কুমিল্লা বিভাগীয় দপ্তরেও আবেদন ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে গ্রামীণ সড়ক নেটওয়ার্ক ও অগ্রাধিকার নির্ধারণী কর্মশালা।

ফরিদগঞ্জে গ্রামীণ সড়ক নেটওয়ার্ক ও অগ্রাধিকার নির্ধারণী কর্মশালা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে গ্রামীণ সড়কের কোর রোড নেটওয়ার্ক প্রণয়ন ও সড়ক উন্নয়নের অগ্রাধিকার নির্ধারণবিষয়ক এক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২৬ অক্টোবর) সকালে ফরিদগঞ্জ উপজেলা পরিষদের হলরুমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) আয়োজনে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মেহেদী হাসান মানিকের সভাপতিত্বে কর্মশালাটি সঞ্চালনা করেন উপজেলা প্রকৌশলী সৈয়দ মেহেদী হাসান।

এতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বেটসের জিআইএস (এওঝ) বিশেষজ্ঞ আব্দুল্লাহ। কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ফরিদগঞ্জ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক জাহিদুল ● ২-এর পাতায় দেখুন

দারিদ্র্যে আটকে আছে জোড়া লাগা যমজ শিশু ঐহী-মাহীর জীবন

ফরিদগঞ্জ প্রতিনিধি

দূর থেকে দেখলে মনে হবে সাধারণ দুই কন্যাশিশু। কিন্তু কাছে গেলেই চোখ আটকে যায়। নিতম্ব থেকে পেট পর্যন্ত একসঙ্গে জোড়া লাগানো ৮ মাস বয়সী যমজ বোন ঐহী আক্তার ও মাহী আক্তার। জন্মের পর থেকেই তাদের প্রতিটি নড়াচড়া, হাসি-কান্না যেন একে অপরের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িয়ে আছে। একজন কাঁদলে অন্যজনও কেঁদে ওঠে, একজন নড়লে

বাবা-মায়ের সঙ্গে জোড়া লাগা যমজ শিশু ঐহী-মাহী।

ফরিদগঞ্জ পৌরসভা এলাকার ৪নং ওয়ার্ডের আওতাধীন পূর্ব বড়ালী গ্রামের বাসিন্দা দিন মজুর মাসুদ ও সুমি দম্পতির ঘর আলো করে আসে দুই যমজ কন্যা। চলতি বছরের ৫ ফেব্রুয়ারি চাঁদপুরের একটি প্রাইভেট হাসপাতালে জন্ম হয় এই জোড়া লাগা যমজ শিশুর। পরবর্তিতে তাদেরকে ঢাকা মেডিকেল কলেজে চিকিৎসা দেওয়া হলেও অর্থাভাবে অস্ত্রোপচার করা সম্ভব হয়নি।

পরিবারের সদস্যরা জানান, চিকিৎসকেরা আশা দিয়েছেন অস্ত্রোপচারের মাধ্যমে শিশু দুটিকে আলাদা করা সম্ভব ● ২-এর পাতায় দেখুন

সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, এসবিপি, ওএসপি, এসজিপি, পিএসসি'র কাছ থেকে ম্যান রেগুলার ব্যাক নাইন উইনার পুরস্কার গ্রহণ করছেন আকিব আরাফাত খান।

৯ম ড্যাফোডিল ক্যাপ্টেনস্ কাপ গলফ টুর্ণামেন্টের সমাপনী ও পুরস্কার বিতরণ

২৫ অক্টোবর ২০২৬ কুর্মিটোলা গলফ ক্লাব, ঢাকা সেনানিবাসে '৯ম ড্যাফোডিল ক্যাপ্টেনস্ কাপ গলফ টুর্নামেন্ট ২০২৬' এর সমাপনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, এসবিপি, ওএসপি, এসজিপি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্'িত থেকে টুর্নামেন্টে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। পুরস্কার বিতরণ শেষে প্রধান অতিথি উপস্'িত সকলের উদ্দেশ্যে তাঁর মূল্যবান বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি এ ধরণের প্রতিযোগিতার আয়োজন দেশের গলফ অঙ্গনের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং এই আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এই টুর্নামেন্টে অসাধারণ নৈপুণ্য প্রদর্শন করে এস এম আব্দুল্লাহ ফারাবী উইনার, কমোডর এ কে এম আফজাল হোসেন, বিএন, রানার আপ এবং মিসেস হাইজং উম লেডিস উইনার এবং আকিব আরাফাত খান ম্যান রেগুলার ব্যাক নাইন উইনার হওয়ার গৌরব অর্জন করেন। সমাপনী অনুষ্ঠানে সেনাবাহিনীর কোয়ার্টারমাস্টার জেনারেল ও কুর্মিটোলা ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় বসতঘরে টিন কেটে চুরি, নগদ অর্থ ও স্বর্ণালংকার লুট

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় বসত ঘরের টিনকেটে প্রবেশ করে ৬ ভরি স্বর্ণ, ১ হাজার ৭শ সৌদি রিয়াল, নগদ এক লক্ষ টাকা, পাসপোর্ট ও জমিজমার দলিলসহ আসবাবপত্র মালামাল লুট করে নেওয়ার অভিযোগ উঠেছে। সোমবার উপজেলার কচুয়া উত্তর ● ২-এর পাতায় দেখুন

বিষ্ণুপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মন্টু খানের বাসায় চুরি

সদর প্রতিনিধি

বিষ্ণুপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মোশারেফ হোসেন মন্টু খানের খেরুদিয়ার বাড়ির বাসায় চুরি হয়েছে। ২৫ অক্টোবর রোববার রাতে বা ভোররাতে ভবনে ভেন্টিলেটর ভেংগে অভিনব কৌশলে চোর চক্র ঘরের ভেতর প্রবেশ করে। ভেতরে ঢুকে স্টীলের আলমিরায় রডের সাবাল ব্যবহারে করে লকার ভেঙ্গে ফেলে এবং তার ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে কেক কাটার মধ্য দিয়ে গণঅধিকার পরিষদের ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করছেন নেতৃবৃন্দ।

চাঁদপুরে গণঅধিকার পরিষদের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

স্টাফ রিপোর্টার

'আমাদের অঙ্গীকার দেশ হবে জনতার-এই প্রতিপাদ্য নিয়ে চাঁদপুরে নানান আয়োজনে গণঅধিকার পরিষদের পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে সোমবার (২৬ অক্টোবর) বর্ণাঢ্য র‌্যালী, আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়। বিকেল সাড়ে ৩টায় চাঁদপুর শহরের বাসস্টেশন এলাকা থেকে বর্ণাঢ্য র‌্যালী বের করা হয়। র‌্যালীটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে চাঁদপুর প্রেসক্লাবের সামনে গিয়ে শেষ হয়। পরে বিকেল ৪টায় প্রেসক্লাব মিলনায়তনে পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান ● ২-এর পাতায় দেখুন

শাহমাহমুদপুরে যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মতবিনিময় সভা

সদর প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২৬ অক্টোবর) বিকেল ৩টায় কৃষ্ণপুর জোহরা বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে ইউনিয়ন যুবদলের উদ্যোগে এ সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন যুবদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি আরিফ তালুকদারের সভাপতিত্বে এবং সাবেক সদস্য সচিব সোহেল হাজীর সঞ্চালনায় সভায় উপস্থিত ছিলেন ইউনিয়ন যুবদলের সাবেক সহ-সভাপতি জহিরুল ইসলাম বেপারী, মজিবুর রহমান মজু, যুগ্ম সাধারণ সম্পাদক ওয়াসিম হাজী, কাশিম গাজী, শাহ মাহমুদ সেলিম হাজী, অলিউল্লা গাজী, সহ যোগাযোগবিষয়ক সম্পাদক ইউসুফ গাজী, সদর উপজেলা যুবদলের সদস্য শওকত ● ২-এর পাতায় দেখুন

শাহমাহমুদপুরে ইউপি চেয়ারম্যান-মেম্বার প্রার্থীদের নিয়ে আলোচনা সভায় বক্তব্য রাখছেন চাঁদপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ হযরত আলী ঢালী।

শাহমাহমুদপুরে ইউপি চেয়ারম্যান-মেম্বার প্রার্থীদের নিয়ে আলোচনা সভা

স্টাফ রিপোর্টার

ইউনিয়ন পরিষদ নির্বাচনে সম্ভাব্য চেয়ারম্যান ও মেম্বার পদপ্রার্থীদের নিয়ে চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নে অনুষ্ঠিত হয়েছে এক আলোচনা সভা। সোমবার (২৬ অক্টোবর) বিকেলে ইউনিয়নের কৃষ্ণপুর জোহরা বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান স্বপন মাহমুদের সভাপতিত্বে সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ হযরত আলী ঢালী। তিনি তার বক্তব্যে বলেন, এই শাহমাহমুদপুর ইউনিয়নে চেয়ারম্যান ও মেম্বার প্রার্থী হিসেবে ব্যক্তিগত তথ্য জমা দিয়েছেন ৮৩ জন। কিন্তু এ ইউনিয়নটিতে জনপ্রতিনিধি হিসেবে নির্বাচিত হবেন ● ২-এর পাতায় দেখুন

সবুজ বাংলা সঞ্চয় সমবায় সমিতির লিমিটেডের বার্ষিক সাধারণ সভা

স্টাফ রিপোর্টার

চাঁদপুরের এক ঝাক উদ্যোক্তাদের সমন্বয়ে গঠিত সবুজ বাংলা সঞ্চয় সমবায় সমিতি লিমিটেডের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৫ অক্টোবর '২৫ইং) সন্ধ্যায় চাঁদপুর শহরের অভিজাত রেস্তোরা এলিট চাইনিজে উক্ত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। বার্ষিক সাধারণ সভায় সংগঠনের বিগত দিনের বিভিন্ন বিষয়ে এবং আগামী দিনের কর্মপন্থা নিয়ে আলোচনা অংশ নেন সংগঠনের অন্যতম উদ্যোক্তা মোঃ সাইফুল ইসলাম রতন, মাসুদ রানা, ● ২-এর পাতায় দেখুন

মৈশাদীতে রেলের জমি ভরাট করে মার্কেট নির্মাণের পাঁয়তারা!

মৈশাদীতে রেলের জমি ভরাট করে মার্কেট নির্মাণের পাঁয়তারা!

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদর উপজেলার মৈশাদী তালতলা বাজারে রেলওয়ের জমি মাটি দিয়ে ভরাট করে নতুন করে মার্কেট নির্মাণের উদ্যোগ নেওয়ার অভিযোগ উঠেছে।

একই সঙ্গে রেলওয়ের সম্পত্তিতে একাধিক দোকান নির্মাণ করে ভাড়া দেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় প্রভাবশালী মহিউদ্দীন খান তপন ও তাঁর পরিবারের বিরুদ্ধে। এ ঘটনায় রেলওয়ের সম্পত্তির সীমানা, লিজের শর্ত এবং জমির বাণিজ্যিক ব্যবহার নিয়ে দেখা দিয়েছে নানা প্রশ্ন।

অভিযুক্ত মহিউদ্দীন খান তপন মৈশাদী তালতলা বাজারসংলগ্ন খান বাড়ির মৃত সহিদুল ইসলাম খানের ছেলে। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন অভিযোগকারীর দাবি, রেলওয়ের সম্পত্তিতে দোকান নির্মাণ ও ভাড়া দেওয়ার মাধ্যমে জমিটি নিজেদের নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় নতুন করে মাটি ভরাট করে মার্কেট নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে বলে তাঁদের ● ২-এর পাতায় দেখুন

চাল ডাল আটার দাম বাড়তি, চাপে ভোক্তারা

নিজস্ব প্রতিবেদক

জ্বালানি তেলের দাম বৃদ্ধি ও পরিবহন ব্যয় বাড়ার মধ্যে রাজধানীর বাজারে চাল, ডাল, আটা ও ময়দার দাম বেড়েছে। গত দুই সপ্তাহে বিভিন্ন ধরনের চালের দাম কেজিতে ২ থেকে ৫ টাকা পর্যন্ত বেড়েছে। ডালের ক্ষেত্রে দাম বেড়েছে আরও বেশি। কোনো কোনো ডালের দাম কেজিতে ২০ থেকে ৩০ টাকা পর্যন্ত বেড়েছে।

এতে আগে থেকেই উচ্চ জীবনযাত্রার ব্যয়ে চাপে থাকা সাধারণ মানুষের সংসার চালানো আরও কঠিন হয়ে পড়েছে। আয় না বাড়লেও নিত্যপণ্যের পেছনে খরচ বেড়ে যাওয়ায় অনেক পরিবার বাজারের পরিমাণ কমিয়ে দিতে বাধ্য হচ্ছে। সোমবার (২৬ অক্টোবর) রাজধানীর কয়েকটি খুচরা বাজার ঘুরে দেখা যায়, মানভেদে সরু চাল নাজিরশাইল ও মিনিকেট প্রতি কেজি ৭০ থেকে ৯০ টাকায় বিক্রি হচ্ছে। এক সপ্তাহ আগেও এসব চালের দাম ছিল ৬৮ থেকে ৮৫ টাকা। মাঝারি মানের পাইজাম, ব্রি-২৮ ও ব্রি-২৯ চালের দাম কেজিতে ৩ টাকা বেড়ে ৫৮ থেকে ৬৫ টাকা হয়েছে। মোটা চায়না ইরি, গুটি ও স্বর্ণা চালের দামও কেজিতে ২ থেকে ৩ টাকা বেড়ে ৫০ থেকে ৫৫ টাকায় উঠেছে।

অবশ্য খোলা পোলাও চালের দাম কেজিতে ৩০ টাকা কমে ১৯০ টাকায় নেমেছে। তবে প্যাকেটজাত পোলাও চাল কোম্পানিভেদে ২২০ থেকে ২৩০ টাকায় বিক্রি হচ্ছে। ব্যবসায়ীদের হিসাবে, দুই সপ্তাহ আগে চালের দাম এক দফা বেড়েছে। এরপর থেকে দাম আর কমেনি। সাধারণত নতুন চাল বাজারে আসার পর পুরোনো চালের দাম কেজিতে ১ থেকে ২ টাকা বাড়ে। এবার নতুন চাল বাজারে আসার আগেই পুরোনো চালের দাম বেড়েছে। আগামী ডিসেম্বর থেকে খুচরা বাজারে নতুন চাল বিক্রি শুরু হতে পারে।

ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) তথ্য অনুযায়ী, গত বছরের এ সময়ে মোটা চালের দাম ছিল কেজিপ্রতি ৫৫ থেকে ৬৫ টাকা। মান অনুযায়ী সরু চালের দাম ছিল ৭৫ থেকে ৮৫ টাকা। চালের পাশাপাশি বেড়েছে ডালের দামও। বর্তমানে বাজারে মোটা মসুর ডাল প্রতি কেজি ৯৫ ● ২-এর পাতায় দেখুন

ইতিহাসে ২৭ অক্টোবর

১৪৯২ সালে ক্রিস্টোফার কলম্বাস কিউবা আবিষ্কার করেন। ১৫২৬ সালে মোগল সম্রাট বাবর দিল্লির সিংহাসনে আরোহণ করেন। ১৯০৫ সালে নরওয়ে সুইডেনের কাছ থেকে আলাদা হয়ে স্বাধীন দেশ হিসাবে আত্মপ্রকাশ করে। ১৯৭১ সালে কঙ্গো প্রজাতন্ত্রের নাম বদলে জায়ারে করা হয়। ১৯৮৬ সালে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে যুক্তরাষ্ট্র অর্থনৈতিক ও বাণিজ্যিক নিষেধাজ্ঞা আরোপ করে। ১৯৯১ সালে তুর্কমেনিস্তান সাবেক সোভিয়েত রাশিয়ার কাছ থেকে স্বাধীনতা অর্জন করে। ২০১৭ সালে কাতালোনিয়া স্পেন থেকে স্বাধীনতা ঘোষণা করে। এইদিন বিশ্ব অডিওভিজুয়াল ঐতিহ্য দিবস এবং বিশ্ব পেশাগত থেরাপি দিবস পালিত হয়।

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক
চাঁদপুর দিগন্ত
মঙ্গলবার ॥ ২৭ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

টার্মিনালে ক্ষতি হবে সুন্দরবনের
জাহাজভাঙা শিল্পে কোনো আপস নয়

বিএনপি সরকার টেকসই উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও জলবায়ু পরিবর্তন মোকাবিলাকে অগ্রাধিকার দেওয়ার অঙ্গীকার করেছে। নির্বাচনী ইশতেহারে দলটি পরিবেশ সংরক্ষণ ও জলবায়ুসহনশীলতা বৃদ্ধিতে ২০ হাজার কিলোমিটার নদী ও খাল খনন এবং পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের কথা বলেছে। আশাবাদের জায়গা হলো, সম্প্রতি পরিবেশ রক্ষায় কিছু অঙ্গীকারের বাস্তবায়নও শুরু হয়েছে। এমনকি প্রথম আলোতে চকরিয়া সুন্দরবনের দুরবস্থা নিয়ে প্রতিবেদন প্রকাশের পর প্রধানমন্ত্রীর ব্যক্তিগত উদ্যোগে বিলীন হয়ে যাওয়া বনটি ফিরিয়ে আনার প্রক্রিয়া শুরু হয়েছে বলেও আমরা জানতে পেরেছি।

তবে উদ্বেগজনক বিষয় হচ্ছে, সম্প্রতি সরকারের পক্ষ থেকে নেওয়া এমন দুটি সিদ্ধান্ত ও পরিকল্পনার সংবাদ গণমাধ্যমে এসেছে, যা তাঁদের ঘোষিত পরিবেশ নীতির সঙ্গে সাংঘর্ষিক। প্রকাশিত প্রতিবেদন থেকে আমরা জানতে পারছি, সরকার জাহাজভাঙা শিল্পকে 'লাল' শ্রেণি থেকে 'কমলা' শ্রেণিতে অবনমন করার সিদ্ধান্ত নিয়েছে। জাহাজভাঙা শিল্পকে পরিবেশের জন্য সর্বোচ্চ দূষণকারী শিল্প হিসেবে বিবেচনা করা হয়। এই শিল্প লাল শ্রেণির অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও চট্টগ্রাম উপকূলে তা দীর্ঘদিন ধরেই মাটি, পানি এবং সামুদ্রিক জীববৈচিত্র্যের ওপর মারাত্মক প্রভাব ফেলে আসছে।

শাহমাহমুদপুরে ইউপি

মাত্র ১৩ জন। বাকী ৭০ জনই বাদ পরবেন। তাই চাঁদপুর-৩ আসনের মাননীয় সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক ভাইয়ের নির্দেশনায় বিএনপির সাংগঠনিক ভাবমূর্তি অক্ষুন্ন রাখতে দলীয় সিদ্ধান্তের বাহিরে একাধিক ব্যক্তি নির্বাচনে প্রার্থী না হওয়ার জন্য অনুরোধ করা হলো।

সম্ভাব্য প্রার্থীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, মাদকের সাথে জড়িত কোন ব্যক্তি নির্বাচনে প্রার্থী হতে পারবে না। তাই এমপি মহোদয়ের মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে চাঁদপুর সদর উপজেলার ১৪টি ইউনিয়নের চেয়্যারম্যান ও মেম্বার প্রার্থীদের ডোপ টেষ্ট বাধ্যতামূলক। সেই রিপোর্ট উপজেলা বিএনপি বরাবর দাখিল করতে হবে। এমনকি ইউনিয়ন এবং ওয়ার্ড বিএনপি, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের কোন সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচনে প্রার্থী হতে হলে, তাদেরকে আগামী ৩০ অক্টোবরের মধ্যে উপজেলা বিএনপি বরাবর পদত্যাগ পত্র জমা দিতে হবে।

তিনি বলেন, বিগত গণতান্ত্রিক আনন্দোলন সংগ্রামে যে সকল নেতৃবৃন্দ নিষ্ক্রিয় ছিলেন এবং হাইব্রিড প্রার্থীদের আগামী ৫ বছর দলের কাজ করার পর তাদেরকে পরবর্তী নির্বাচনে বিবেচনা করা হবে। সেই সাথে ছাত্রদলের কোনো নেতাকর্মী চেয়ারম্যান কিংবা মেম্বার প্রার্থী হতে পারবেন না। যে সকল নেতাকর্মীকে দল থেকে বহিষ্কার বা অব্যাহতি দেওয়া হয়েছে সে সকল নেতাকর্মী প্রার্থী হওয়ার কোন সুযোগ নাই। জেলা ও সদর উপজেলা বিএনপি'র সমন্বয়কবৃন্দ একক প্রার্থী নির্ধারণে যথাযথ কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন।

ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামাল মিজির পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর সদর উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও শাহমাহমুদপুর ইউনিয়নের সমন্বয়ক আক্তার হোসেন সাগর, চাঁদপুর সদর উপজেলা যুবদল নেতা জুলহাস আহমেদ জুয়েল, পৌর স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ সভাপতি কাউছার আহমেদ, জেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক আল ফারুক শাহরিয়ার প্রমূখ।

এসময় উপস্থিত ছিলেন চাঁদপুর সদর উপজেলা বিএনপির উপদেষ্টা সদস্য রফিকুল ইসলাম খোকন মল্লিক, সহ সভাপতি এস এম বাকের খন্দকার, শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ সভাপতি নাহিদ খান, সহ সভাপতি মোশাররফ কারী, নজরুল ইসলাম বাবলু, দেলোয়ার হোসেন দুলু, সাবেক সহ সভাপতি কবির হোসেন রনি, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক শাহজালাল দেওয়ান, যুগ্ম সাধারণ সম্পাদক মিজানুর রহমান পাটওয়ারী, সাইফুল ইসলাম সুমন, সাংগঠনিক সম্পাদক শফিক কবিরাজ, ধর্ম বিষয়ক সম্পাদক বিল্লাল মল্লিক, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শাহীন হাওলাদার, বিএনপি নেতা মোজাম্মেল খান।

এসময় আরো উপস্থিত ছিলেন, ইউনিয়ন যুবদলের সাবেক সভাপতি মোহাম্মদ মনিরুজ্জামান পাটওয়ারী, সাবেক সিনিয়র সহ সভাপতি আরিফ তালুকদার, সাবেক সহ সভাপতি জহিরুল ইসলাম বেপারী, সাবেক সাধারণ সম্পাদক মাহবুব গাজী, সাবেক সদস্য সচিব মোস্তফা কামাল সোহেল, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ওয়াসিম হাজী, অলিউল্লাহ গাজী, শাহ মাহমুদ সেলিম হাজী, কাসিম গাজী, যুবদল নেতা শওকত কারী, ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের আহবায়ক গাজী নূর আলম, যুগ্ম আহবায়ক জুলহাস পাটওয়ারী, ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক পারভেজ মিজি, ছাত্রদল নেতা সজিব পাটওয়ারী, ইউনিয়ন মহিলা দলের সভানেত্রী পারুল আক্তার, ইউনিয়ন তাঁতীদলের সাবেক সাধারণ সম্পাদক শাহাবুদ্দিন মল্লিক, ইউনিয়ন কৃষকদলের সভাপতি সোহাগ খান, ইউনিয়ন শ্রমিক দলের সভাপতি আলমগীর খান সহ ইউনিয়ন এবং ওয়ার্ডের বিএনপি অঙ্গ সহযোগী সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ অন্যান্য নেতৃবৃন্দ।

শাহমাহমুদপুরে যুবদলের ৪৮তম

কারী। এ ছাড়া উপস্থিত ছিলেন ২নং ওয়ার্ড যুবদলের সভাপতি মাসুদ মাল, সাধারণ সম্পাদক শাহ আলম সরদার, ৩নং ওয়ার্ডের সভাপতি নুরুল ইসলাম হাজী, ৪নং ওয়ার্ডের সভাপতি ঈমান মিজি, ৬নং ওয়ার্ডের সভাপতি ইকবাল পাটোয়ারি, ৭নং ওয়ার্ডের সভাপতি বিল্লাল হোসেন পাটোয়ারি, সাধারণ সম্পাদক মিলন মিজি, ৮নং ওয়ার্ডের সভাপতি ইব্রাহিম তালুকদার এবং ৯ নং ওয়ার্ডের সভাপতি নাসির হাজীসহ ইউনিয়নের ১ থেকে ৯ নম্বর ওয়ার্ডের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

মতবিনিময় সভায় বক্তারা বলেন, জাতীয়তাবাদী যুবদল দেশের গণতন্ত্র পুনরুদ্ধার, মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠা এবং জনগণের অধিকার আদায়ের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সংগঠনের প্রতিষ্ঠাবার্ষিকী শুধু আনন্দ-উৎসবের বিষয় নয়, বরং অতীতের আন্দোলন-সংগ্রামের ইতিহাস থেকে শিক্ষা নিয়ে আগামী দিনের সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করার অঙ্গীকার। তৃণমূল পর্যায়ে যুবদলকে সুসংগঠিত করতে নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। পাশাপাশি দলের আদর্শ ও শৃঙ্খলা বজায় রেখে সাধারণ মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানান তারা।

উল্লেখ্য, আগামী ২৭ অক্টোবর জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে সংগঠনটির পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি পালনের উদ্যোগ নেওয়া হয়েছে।

চাঁদপুরে গণঅধিকার পরিষদের

অতিথির বক্তব্য রাখেন গণঅধিকার পরিষদের উচ্চতর পরিষদের সদস্য আরিফুল ইসলাম তালুকদার। জেলা গণঅধিকার পরিষদের সাবেক আহ্বায়ক আশরাফুল ইসলাম কাজী রাসেলের সভাপতিত্বে এবং সাবেক সদস্য সচিব মোঃ মাহমুদুল হাসানের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন, সাবেক যুগ্ম সদস্য সচিব সামিউল প্রধান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন যুব অধিকার পরিষদের সহ-সভাপতি মর্তুজা মাহবুব, ছাত্রঅধিকার পরিষদের সহ-সভাপতি ইসমাইল হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে আরিফুল ইসলাম তালুকদার বলেন, স্বৈরাচার ফ্যাসিস্ট সরকারের আমলে যখন বাংলাদেশে রাজনৈতিক দলগুলোর দলীয় কর্মসূচি পালনের সুযোগ ছিল না, তখন গণ অধিকার পরিষদ আন্দোলন সংগ্রামের মাধ্যমে তাদেরকে উৎসাহিত করেছে। গণবিধিকার পরিষদ এখন পর্যন্ত অন্তত আটটি রাজনৈতিক দলের জন্ম দিয়েছে। গণ-অধিকার পরিষদ মানুষকে প্রতিবাদ করা, ন্যায় বিচারের কথা বলা এবং মেরুদন্ড সোজা করতে শিখিয়েছে।

তিনি আরো বলেন, গণধিকারের প্রত্যেকটা সদস্য দেশপ্রেমিকের প্রতিচ্ছবি। বাংলাদেশে কেউ যদি নিরপেক্ষ দেশপ্রেমিকদের দেখতে চায়, তাহলে গণধিকার পরিষদের নেতাকর্মীদের দিকে তাকানোর আহ্বান জানাই। কারণ আজও তারা নিজের খেয়ে দেশের জন্য বনের মহিষ তাড়িয়ে যাচ্ছে। তারা আলোর মশাল জ্বেলে দেশ এবং জাতিকে পথ দেখিয়ে যাচ্ছে।

আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন জেলা গণঅধিকার পরিষদের সাবেক যুগ্ম আহ্বায়ক জাকির হোসেন, যুগ্ম সদস্য সচিব হাসান মিজি, ওমর সালমান, যুব অধিকার পরিষদ চাঁদপুর জেলা শাখার সভাপতি জালাল আহমেদ শাওন, সাধারন সম্পাদক আল আমিন সুমন, যুগ্ম সাধারণ সম্পাদক ও ফরিদগঞ্জ উপজেলার সভাপতি আরিফ হোসেন, সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা নিশান, যুব নেতা সালাউদ্দিন, ছাত্র অধিকার পরিষদের সভাপতি জিএম মানিক, সিনিয়র সহ-সভাপতি পারভেজ আহমেদ, হাজীগঞ্জ উপজেলা সভাপতি নিরব আহমেদ, কচুয়া উপজেলার সভাপতি আবু সাইদ, মতলব পৌরসভার সভাপতি সাদ সরকার, তোলারাম কলেজ সভাপতি মোঃ নিলয়। আলোচনা সভা শেষে উপস্থিত নেতৃবৃন্দ কেক কেটে দলের পঞ্চম প্রতিষ্ঠিতবার্ষিকী উদযাপন করেন। এর আগে গণঅধিকার পরিষদে যোগদান করা ব্যক্তিদের ফুলের মালা দিয়ে বরণ করে নেন অতিথিবৃন্দ।

বিষ্ণুপুর ইউনিয়নের সাবেক

মেয়ে ও ছেলের পৃথক পৃথক রুমের সবকিছু তছনছ করে ফেলে। তারা ঘরের ৩টি কক্ষেরই জিনিসপত্র ব্যাপক তল্লাসী চালায়। বিভিন্ন নামী-দামী কাপড়-ছোপড়, আইপিএস, মোবাইল ও অন্যান্য জিনিসপত্র বেঁধে নেয়ার প্রস্তুতি কালে সম্ভবত ভোর হয়ে যায়।

খুব ভোরে পাশের প্রতিবেশি এ বাসার বাহিরের লাইট বন্ধ করতে গেলে চোর দৌড়ে পালিয়ে যায় এবং পশ্চিম পাশের দরজা খোলা দেখতে পান। তবে কী পরিমাণ টাকা বা স্বর্ণালংকার নিয়ে গেছে-তা' এ রিপোর্ট লেখা পর্যন্ত জানা যায় নি।

এদিকে সাবেক চেয়ারম্যান মোশারেফ হোসেন মন্টু খান নিজে মটরসাইকেল দুর্ঘটনায় অসুস্থ হওয়ায় ডাক্তারের কাছে গিয়ে রাতে বাসায় আসেন নি। মেয়ের অসুস্থ্যতার জন্যেও তাঁর সহধর্মিণী ও ছেলে সাঈফ খান হাসপাতালে অবস্থান করার কারণেই এ রাতে বাসায় কেউ ছিল না। সকালে স্থানীয় লোকজন, মসজিদের ইমাম,ঢাকা থেকে ভোরে আসা আলহাজ্ব হারুণুর রশিদ খানের মেজো ছেলে হূমায়ূন কবীর খান, আকতার বকাইল,ইছহাক তফদারসহ আশ-পাশের লোকজন ঘরের পরিস্থিতি স্ব-চক্ষে এসে দেখেন।

৯ম ড্যাফোডিল ক্যাপ্টেনস্

গলফ ক্লাবের ভাইস প্রেসিডেন্ট লেফটেন্যান্ট জেনারেল মোহাম্মদ শাহীনুল হক, ওএসপি, বিএসপি,এনডিসি এবং টুর্নামেন্টের স্পন্সর ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এম আর কবির, কুর্মিটোলা গলফ ক্লাব ও ড্যাফোডিল গ্রুপের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, টুর্নামেন্টে অংশগ্রহণকারী গলফারগণ ও তাদের পরিবারবর্গ এবং আমন্ত্রিত অতিথিবৃন্দসহ গণমাধ্যম ব্যক্তিবর্গ উপস্িত ছিলেন।

সবুজ বাংলা সঞ্চয় সমবায়

মিজানুর রহমান, নুরু কাজী, মাওঃ মোঃ সাইফুল্লাহ।

সভার শুরুতেই সংগঠনের বার্ষিক সাধারণ সভা এবং সকল সদস্যদেরই প্রথম উপস্থিতিতে সংগঠনের শুভ কামনা করে কেক কাটা হয়। সভায় সংগঠনের সকল সদস্যদের প্রাণবন্ত আলোচনার মধ্য দিয়ে এবং আগামীতে সকলের সিদ্ধান্ত ক্রমে সংগঠনকে এগিয়ে নেওয়ার শপথের মধ্য দিয়ে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষনা করা হয়। সব শেষে সকল সদস্যদের নিয়ে ডিনার করা হয়। উল্লেখ্য, সবুজ বাংলা সঞ্চয় সমবায় সমিতি ২০২৩ সালের জানুয়ারী মাসে গঠন করা হয়।

মৈশাদীতে রেলের জমি

অভিযোগ। অভিযোগের বিষয়ে মহিউদ্দীন খান তপন বলেন, "এগুলো আমাদের বাপ-দাদার সম্পত্তি। পরে আমরা রেলওয়ে থেকে কৃষি লিজ নিয়েছি। এখন মার্কেট করব, যা ইচ্ছা তাই করব।

এ বিষয়ে চাঁদপুর রেলওয়ে স্টেশন মাস্টার মারুফ হোসেন জানান, বিষয়টি রেলওয়ের স্টেট বিভাগের নিয়ন্ত্রণাধীন। সংশ্লিষ্ট কর্মকর্তারাই এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

অন্যদিকে, রেলওয়ে লাকসাম জংশনের কানুনগো মনোয়ার হোসেন বলেন, রেলওয়ের কোনো সম্পত্তির শ্রেণি পরিবর্তনের সুযোগ নেই। যদি তিনি লিজ নিয়ে থাকেন, তাহলে লিজের শর্ত ও জমির ব্যবহার যাচাই করা হবে। অনিয়ম পাওয়া গেলে লিজ বাতিলের ব্যবস্থা নেওয়া হবে। বিষয়টি আমরা দ্রুত পরিদর্শন করে আইনগত ব্যবস্থা গ্রহণ করব।

সচেতন মহলের দাবি, রেলওয়ের সম্পত্তিতে মাটি ভরাট, দোকান নির্মাণ ও বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার অভিযোগ নিরপেক্ষভাবে তদন্ত করে জমির প্রকৃত মালিকানা, লিজের শর্ত এবং স্থাপনা নির্মাণের বৈধতা নিশ্চিত করতে হবে। সরকারি সম্পত্তি রক্ষায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত কার্যকর পদক্ষেপ নেবে এমন প্রত্যাশা তাঁদের।

চাঁদপুরে আরএস টাওয়ারের

করেন তিনি। এসব আবেদনে ভবনের পাশ দিয়ে যাওয়া বিদ্যুতের সঞ্চালন লাইন নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার দাবি জানান।

তিনি আরও জানান, সম্প্রতি ঘটে যাওয়া দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে গত ৬ অক্টোবর আবারও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চাঁদপুর বিক্রয় ও বিতরণ বিভাগের নির্বাহী প্রকৌশলী বরাবর আবেদন করেছেন। এতে ঝুঁকিপূর্ণ সঞ্চালন লাইনটি নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার অনুরোধ জানানো হয়েছে।

এদিকে এলাকাবাসীর দাবি, ভবনটির পাশ দিয়ে যাওয়া উচ্চ ভোল্টেজের বিদ্যুৎ সঞ্চালন লাইন দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার উদ্যোগ নিতে হবে। তাঁদের মতে, ঝুঁকিপূর্ণ লাইনটি যথাযথভাবে স্থানান্তর করা না হলে ভবিষ্যতে আরও দুর্ঘটনা ঘটার আশঙ্কা থেকে যাবে।

এলাকাবাসীর প্রত্যাশা, সংশ্লিষ্ট বিদ্যুৎ বিভাগ ও কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে দ্রুত কার্যকর পদক্ষেপ নেবে, যাতে বিদ্যুৎ লাইনের ঝুঁকি থেকে ভবনটির বাসিন্দা ও আশপাশের মানুষের নিরাপত্তা নিশ্চিত করা যায়।

কচুয়ায় বসতঘরে টিন কেটে

ইউনিয়নের দারচর গ্?্যামের মসজিদ বাড়িতে এই ঘটনা ঘটে। এ ঘটনায় ভুক্তভোগী ওই বাড়ির মৃত মুসলিম মিয়ার ছেলে প্রবাসী সেলিম মিয়া বাদী হয়ে কচুয়া থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

ভুক্তভোগী প্রবাসী জানান, গত শনিবার পরিবারের সকলে মিলে শ্বশুরবাড়িতে বেড়াতে যাই। সোমবার সকালে বাড়িতে এসে দেখি আধাপাকা বিল্ডিং এর দরজা জানালা সকল কিছু ঠিক আছে। রুমের ভিতর প্রবেশ করে দেখি ঘরের কার ছিদ্র করে রেখেছে এবং স্টিলের আলমারি খোলা, রুমের মালামাল সকল কিছু এলোমেলো অবস্থায় পড়ে রয়েছে। খোঁজাখুঁজি করে দেখি স্টিলের আলমারিতে থাকা ৬ ভরি স্বর্ণ, ১ হাজার ৭শ সৌদি রিয়াল, নগদ এক লক্ষ টাকা, পাসপোর্ট, একটি এন্ড্রয়েড মোবাইল, বাড়ির জমি জমা দলিলসহ ঘরে থাকা মূল্যবান আসবাবপত্র নিয়ে যায়। প্রায় ১০ লক্ষ টাকার মালামাল লুট করে নিয়ে।

তিনি আরো জানান, চোর চক্র আধা পাকা বিল্ডিং এর টিনের চাল খুলে প্রবেশ করে কার ছিদ্র করে মই দিয়ে নিচে নেমে মালামাল গুলো চুরি করে পুনরায় মই দিয়ে ওই ছিদ্র দিয়ে বের হয়ে চলে যায়। আমি প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর কাছে ন্যায় বিচার দাবি করছি।

কচুয়া থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ আজিজুল ইসলাম জানান, লিখিত অভিযোগ পেয়েছি। ঘটনাস্থলে পুলিশ গিয়েছে, চুরির ঘটনাটি তদন্ত করছে। পরবর্তীতে চোরের বিষয়টি শনাক্ত হলে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করা হবে।

দারিদ্র্যে আটকে আছে

হতে পারে। তবে তার আগে প্রয়োজন একাধিক পরীক্ষা-নিরীক্ষা, বিশেষজ্ঞ চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণ এবং নিয়মিত চিকিৎসা। জন্মের তিন মাস পর আবার ঢাকায় নিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হলেও চরম আর্থিক সংকটের কারণে এখনো যেতে পারেনি পরিবারটি।

শিশুদের বাবা মাসুদ বলেন, আমি কৃষি জমিতে দিন মজুরের কাজ করে জীবিকা নির্বাহ করি। মাসে মাত্র ১০ থেকে ১২ হাজার টাকা আয়ে কোনোমতে সংসার চালাতে হয়। এরই মধ্যে শিশুদের দুধ, ওষুধ ও চিকিৎসার ব্যয় মেটাতে গিয়ে ঋণের বোঝাও বেড়েছে।

মাসুদ বলেন, 'চিকিৎসকরা আশা দিয়েছেন, আমার মেয়েদের আলাদা করা সম্ভব। কিন্তু সেই চিকিৎসার খরচ বহন করার সামর্থ্য আমার নেই। আমার মেয়েদের চিকিৎসার জন্য মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের দৃষ্টি কামনা করছি।'

মা সুমি বলেন, 'ওদেরকে আলাদাভাবে কোলে নেওয়া যায় না। একজন একটু নড়লেই অন্যজন কষ্ট পায়। চিকিৎসার জন্য নিয়মিত ঢাকায় যেতে হবে, কিন্তু যাতায়াত ও পরীক্ষার খরচ জোগানোর সামর্থ্য আমাদের নেই। এখন তাদের দুধ কেনার টাকাই জোগাড় করতে হিমশিম খেতে হচ্ছে। সরকারতো অনেক মানুষকে অনেক কিছুই দেয়, আমার সন্তানদের চিকিৎসার ব্যবস্থা করে দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর দৃষ্টি কামনা করছি।'

শিশুদের প্রতিবেশি আলী হোসেন মিজি বলেন, এই দুই শিশুকে বাঁচাতে হলে সরকার, সমাজের বিত্তবান মানুষ এবং মানবিক সংগঠনগুলোর এগিয়ে আসা জরুরি। সবার সহযোগিতা পেলে হয়তো ওরা স্বাভাবিক জীবন ফিরে পাবে।

ফরিদগঞ্জ পৌরসভার সাবেক মেয়র মঞ্জিল হোসেন বলেন, 'পরিবারটি অত্যন্ত অসচ্ছল। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে এনে শিশু দুটির চিকিৎসার ব্যবস্থা করা প্রয়োজন।'

উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান বলেন, 'আমাদের পক্ষ থেকে তাদেরকে দুধ কেনার জন্য সামান্য অনুদান প্রদান ও সুবর্ণ নাগরিক কার্ড করে দেওয়া হয়েছে। তবে তাদের সুচিকিৎসা প্রয়োজন। আর সেজন্য যথেষ্ট অর্থেরও প্রয়োজন।'

উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আসাদুজ্জামান জুয়েল বলেন, জোড়া লাগা যমজ শিশু জন্ম নেওয়া অত্যন্ত বিরল একটি জন্মগত অবস্থা। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী দ্রুত পরবর্তী চিকিৎসা শুরু করা জরুরি। যথাসময়ে পরীক্ষা-নিরীক্ষা ও বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে থাকলে শিশু দুটির চিকিৎসার সম্ভাবনা আরও উজ্জল হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মেহেদী হাসান মানিক বলেন, 'আমি এ উপজেলায় সদ্য যোগদান করেছি। আপনার মাধ্যমে বিষয়টি জেনেছি। তাদের খোঁজখবর নিয়ে সহায়তার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি প্রয়োজনীয় সরকারি সহায়তা নিশ্চিত করার বিষয়েও কাজ করব।'

দারিদ্র্যের সঙ্গে প্রতিনিয়ত লড়াই করা এই পরিবারের এখন একটাই স্বপ্ন -- ঐহী ও মাহী একদিন আলাদা দুটি স্বাভাবিক জীবন পাবে। সরকারি সহায়তার পাশাপাশি সমাজের বিত্তবান ও মানবিক মানুষের সহযোগিতাই দিতে পারে তাদের নতুন জীবনের দিশা।

ফরিদগঞ্জে গ্রামীণ সড়ক

ইসলাম ভূঁইয়া, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মেজবা উদ্দিন এবং উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সচিববৃন্দসহ স্থানীয় বিভিন্ন দপ্তরের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

কর্মশালায় গ্রামীণ জনপদের যোগাযোগ ব্যবস্থার সুদূরপ্রসারী উন্নয়ন, কোর রোড নেটওয়ার্ক প্রণয়ন, অতিগুরুত্বপূর্ণ সড়কগুলো সুনির্দিষ্টভাবে চিহ্নিতকরণ এবং পর্যায়ক্রমে সড়ক উন্নয়নের সঠিক অগ্রাধিকার নির্ধারণের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ সময় বক্তারা বলেন, গ্রামীণ অবকাঠামোর পরিকল্পিত ব্যবহার নিশ্চিত করা গেলে সাধারণ মানুষের যাতায়াত যেমন সহজ হবে, তেমনি গ্রামীণ অর্থনীতি আরও গতিশীল হয়ে উঠবে।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ফরিদগঞ্জ উপজেলা কার্যালয়ের আয়োজনে দিনব্যাপী এই কর্মশালায় অংশগ্রহণকারী অতিথিরা উন্মুক্ত আলোচনায় অংশ নিয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ মতামত ও সুপারিশ তুলে ধরেন।

ফরিদগঞ্জে ডাল কাটতে গিয়ে

দ্রুত গাছের দিকে তাকিয়ে দেখতে পান, তাঁর শরীরের বিভিন্ন অংশে বিদ্যুতের আগুন জ্বলছে এবং তিনি নিস্তেজ হয়ে পড়েছেন। মুহূর্তের মধ্যেই গাছের ওপরই তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন।

খবর পেয়ে ফরিদগঞ্জ থানার উপ-পরিদর্শক (এসআই) হানিফ সঙ্গীয় ফোর্সসহ ঘটনাস্থলে পৌছান এবং স্থানীয়দের সহায়তায় গাছ থেকে মৃতদেহটি নিচে নামিয়ে আনেন। এছাড়া ঘটনাস্থল পরিদর্শন করে শোকসন্তপ্ত পরিবারকে সান্ত্বনা দেন স্থানীয় ইউপি চেয়ারম্যান মহসিন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে ফরিদগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) আল-আমিন তালুকদার জানান, বিদ্যুৎস্পৃষ্টে মৃত্যুর খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়েছে। এ ঘটনায় অপমৃত্যু মামলা দায়েরসহ পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

দেশজুড়ে বাড়ছে অস্ত্রধারী

পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে কঠোর আইনি ও প্রশাসনিক ব্যবস্থা নেয়ার কথাও জানানো হয়েছে।

সূত্র আরো জানায়, দেশব্যাপী গত ১ মে থেকে ২৬ আগস্ট পর্যন্ত পুলিশের বিশেষ অভিযানে ৫৩ হাজার ৫১৮ জনকে গ্রেপ্তার করা হয়। ওই সময় ৪৩৮টি আগ্নেয়াস্ত্র, ৪ হাজার ৭২২ রাউন্ড গুলি ও কার্তুজ, ১৬৫টি ম্যাগাজিন, ৬৫টি ককটেল, সোয়া ২ কেজি গানপাউডার, ৮৯৩টি দেশীয় অস্ত্র, ৭১টি অস্ত্রের যন্ত্রাংশ, ২১টি অস্ত্র ও বোমা তৈরির সরঞ্জাম এবং ১০ হাজার ৩০০টি চকোলেটবাজি উদ্ধার করেছে পুলিশ। উদ্ধারকৃত আগ্নেয়াস্ত্রের মধ্যে রয়েছে ১৫৩টি পিস্তল, ৪৮টি শ্যুটারগান, ৪৫টি এলজি, ২৬টি রিভলবার, ১০৮টি বন্দুক, ২৬টি পাইপগান, ৭টি শটগান, ৭টি রাইফেল, ৩টি এসএমজি, ১২টি এয়ারগান ও একটি পেনগান।

এদিকে এ প্রসঙ্গে মানবাধিকারকর্মী নূর খান লিটন জানান, সামপ্রতিক অপরাধমূলক কর্মকাণ্ডে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে তা বলার সুযোগ কম। বরং অপরাধীরা প্রকাশ্যে একের পর এক ঘটনা ঘটাচ্ছে।

মাদরাসাকে যারা অবজ্ঞা করবেন,

নিয়ে এ ধরনের ষড়যন্ত্র যারা করছে, তারা কি আমাজনের জঙ্গল থেকে এসে করছে? না, এই দেশের মানুষেরাই, সন্তানেরাই করছে। তারা যখন মাদ্রাসার অঙ্গনে কোনো অনুষ্ঠানে যান, মনে হয় যেন তারাই সর্বোত্তম মুমিন মুসলমান। আবার মাদ্রাসার ব্যাপারে যখন পলিসি নির্ধারণ করেন, তখন এটার সঙ্গে মিল খুঁজে পাওয়া কঠিন।

জামায়াত আমির বলেন, মাদ্রাসাকে নিয়ে যারা অবহেলা-অবজ্ঞা করবেন কিংবা এর বিরুদ্ধে ষড়যন্ত্র করবেন, আমি নিশ্চিত, আখেরাতের পাল্লা আল্লাহ তাআলার হাতে। দুনিয়ায়ও আল্লাহ তাআলা তাদের সম্মানের জায়গায় রাখবেন না। কারণ, তারা এই সমাজটা সুন্দর হোক, এটা চান না। তারা চান, শিক্ষিত হয়ে কিছু লুটেরা তৈরি হবে, তাদের মতো দেশটাকে লুটেপুটে খাবে। চুরি করবে, চাঁদাবাজি করবে, দখলবাণিজ্য করবে, দেশকে অন্য জায়গায় বিক্রি করে বন্ধক রেখে দেশের টাকা বিদেশে পাচার করবে। তাদের আত্মীয়, সন্তান-সন্ততি সব বিদেশে পাঠিয়ে দেবে। তারা শুধু দেশের প্রেমে মশগুল হয়ে এখানে পড়ে থাকবেন। কার্যত দেশটাকে তারা তাদের রুজি-রোজগারের একটা কৃষিক্ষেত্র বলে মনে করেন। আর এ দেশের মানুষকে তারা মনে করেন তাদের প্রজা।

সমাজের এই ধারণা বদলানোর জন্যই কোরআনের শাসন যেমন প্রয়োজন, কোরআনের চর্চাও তেমন প্রয়োজন। এজন্য কোরআনের এই শিক্ষাকে যত বেশি বিকশিত করা হবে, সমাজ তত বেশি উপকৃত হবে।

মাদ্রাসাশিক্ষা নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা। তিনি বলেন, মাদ্রাসার শিক্ষার্থীরা এখন সিভিল প্রশাসন, পুলিশ, স্বাস্থ্যসেবা, কূটনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে যুক্ত হয়ে প্রতিযোগিতায় এগিয়ে থাকছেন। মেধাবী এই শিক্ষার্থীরা সাধারণ শিক্ষাপ্রতিষ্ঠানেও ভালো করবেন উল্লেখ করে তিনি বলেন, মাদ্রাসায় নৈতিক ও আখলাকি শিক্ষা দেওয়া হয় বলে তারা মেধাবী হওয়ার পাশাপাশি সৎ মানুষ হিসেবেও গড়ে ওঠেন।

মেধা ও চরিত্র উপেক্ষিত হলে সমাজ জঙ্গলে পরিণত হয় মন্তব্য করে তিনি বলেন, বাংলাদেশ আজ এমন সংকটেই ভুগছে। তাই মাদ্রাসাশিক্ষার পাশাপাশি সাধারণ শিক্ষায়ও নৈতিক ও ধর্মীয় শিক্ষাকে প্রাধান্য দিয়ে দেশপ্রেমিক নাগরিক তৈরির পরিকল্পনা নেওয়ার দাবি জানান তিনি।

এ সময় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন আমার দেশ সম্পাদক মাহমুদুর রহমান, অধ্যাপক কামাল উদ্দীন আবদুল্লাহ জাফরী, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল ও রংপুর-দিনাজপুর অঞ্চল পরিচালক মাওলানা আবদুল হালিম, সংসদ সদস্য মো. সালাহউদ্দিন আইয়ুবী প্রমুখ।

রক্তাক্ত ২৮ অক্টোবর

দেখা গেলেও এই নির্মম ঘটনার বিচার হতে দেখেনি দেশবাসী। আটাশ অক্টোবর বাংলাদেশের ইতিহাসে মানবতাবিরোধী অপরাধের এক কলংকজনক দিবস।

২০০৬ সালের ২৭ অক্টোবর সন্ধ্যায় বিদায়ী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া রেডিও-টিভিতে জাতির উদ্দেশে ভাষণ দেন। মূলত এ ভাষণ শেষ হওয়ার পরপরই দেশব্যাপী শুরু হয় তাণ্ডব। বিভিন্ন স্থানে বিএনপি-জামায়াত অফিসসহ নেতাকর্মীদের বাড়িতে চালানো হয় হামলা, আগুন দিয়ে পুড়িয়ে দেয়া হয় অনেক অফিস, বাড়িঘর।

চারদলীয় জোট সরকারের ৫ বছর পূর্তি উপলক্ষে জামায়াতে ইসলামী ঢাকা মহানগরীর উদ্যোগে ২০০৬ সালের ২৮ অক্টোবর বিকাল ৩টায় বায়তুল মোকাররমের উত্তর সড়কে পূর্ব নির্ধারিত সমাবেশ ছিলো। সকাল থেকেই সভার মঞ্চ তৈরির কাজ চলছিল। হঠাৎ করেই বেলা ১১টার দিকে লগি-বৈঠা ও অস্ত্রধারীরা জামায়াতের সমাবেশ স্থলে হামলা চালায়। তারা একযোগে বিজয়নগর, তোপখানা রোড ও মুক্তাঙ্গন থেকে পল্টন মোড় দিয়ে আক্রমণ চালায়। এক পর্যায়ে আওয়ামী সন্ত্রাসীরা পল্টনের বিভিন্ন গলিতে ঢুকে পড়ে এবং নিরীহ জামায়াত-শিবিরের নেতা-কর্মীদের বেধড়ক পেটাতে থাকে।

লগি-বৈঠা আর অস্ত্রধারীদের হাতে একের পর এক আহত হতে থাকে নিরস্ত্র জামায়াত ও শিবিরের নেতাকর্মীরা। তারা শিবির নেতা মুজাহিদুল ইসলামকে লগি-বৈঠা দিয়ে পিটিয়ে নৃশংসভাবে হত্যা করে। লগি- বৈঠা দিয়ে একের পর এক আঘাত করে নির্মমভাবে হত্যা করে জামায়াত কর্মী জসিম উদ্দিনকে। মৃত্যু নিশ্চিত হওয়ার পর তারা তার লাশের উপর ওঠে নৃত্য-উল্লাস করতে থাকে।

সেদিন দফায় দফায় হামলা চালানো হয়। বিকেল সাড়ে ৩টার দিকে আনুষ্ঠানিকভাবে বায়তুল মোকাররমের উত্তর সড়কে জামায়াতের সমাবেশ শুরু হয়। এ সময় পল্টন মোড়ের দিকে না হলেও বিজয়নগরসহ অন্যান্য এলাকায় বিক্ষিপ্তভাবে চোরাগোপ্তা হামলা চালাতে থাকে লগি-বৈঠা বাহিনী। তবে সমাবেশ চলতে থাকে স্বাভাবিকভাবে। যথারীতি আসর নামাজের বিরতি হয়। বিরতির পর বক্তব্য রাখেন মাওলানা দেলওয়ার হোসাইন সাঈদী, মাওলানা আবদুস সুবহান, আলী আহসান মোহাম্মদ মুজাহিদ। সভাপতি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা মহানগরীর তৎকালীন আমীর মাওলানা রফিকুল ইসলাম খান। এরপরই বক্তব্য দিতে দাঁড়ান জামায়াতে ইসলামীর তৎকালীন আমীর মাওলানা মতিউর রহমান নিজামী।

মাওলানা নিজামীর বক্তব্য শুরু হওয়ার ৪/৫ মিনিট পর ৪টা ৪৩ মিনিটে পল্টন মোড়ে উত্তেজনা দেখা যায়। এ সময় নির্মাণাধীন র‍্যাংগস টাওয়ারের (বাসস ভবনের পূর্ব পাশের বিল্ডিং) ছাদ থেকে সমাবেশ লক্ষ্য করে ১০/১২টি বোমা ও প্রকাশ্যে অস্ত্র উঁচিয়ে দফায় দফায় গুলী ছুঁড়ে সন্ত্রাসীরা। এ সময় পুলিশ নিজেদের নিরাপদ স্থানে হটিয়ে নেয়। একদিকে ভবনের ছাদ থেকে বৃষ্টির মতো বোমা বর্ষণ করতে থাকে। অপরদিকে পল্টন মোড় থেকে গুলী ছুঁড়তে ছুঁড়তে তারা সমাবেশের দিকে অগ্রসর হতে থাকে। এ সময় জামায়াত ও শিবিরের নেতাকর্মীরা তৈরি করে মানব ঢাল। আওয়ামী অস্ত্রধারীদের ছোঁড়া গুলী মাথায় বিদ্ধ হয়ে রাজপথে লুটিয়ে পড়েন জামায়াত কর্মী হাবিবুর রহমান ও জুরাইনের জামায়াত কর্মী জসিম উদ্দিন। এ ঘটনায় জামায়াত ও শিবিরের ৬ জন নেতাকর্মী নিহত হন এবং আহত হন সহস্রাধিক।

মাগরিবের আজানের পর পরিস্থিতি কিছুটা শান্ত হয়ে আসে যখন বিডিআর পল্টন মোড়ে অবস্থান নেয়। এর আগে সমাবেশের কোনো বক্তাই উত্তেজনাকর বক্তব্য দেননি, আক্রমণাত্মক কথাও বলেননি কেউ।

সে সময় সারাদেশে হত্যা ও নৈরাজ্য চলে। ২৭ অক্টোবর গাজীপুরে হামলা চালিয়ে নির্মমভাবে হত্যা করা হয় জামায়াতে ইসলামী গাজীপুর জেলার প্রচার সম্পাদক, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মুহাম্মদ রুহুল আমীনকে। ২৭ থেকে ২৯ অক্টোবর ঢাকাসহ সারাদেশে জামায়াত-শিবিরসহ চারদলীয় জোটের ৫৪ জন নেতাকর্মী মারা যায়। আহত হয়েছে ৫ সহস্রাধিক জামায়াত, শিবির, বিএনপি নেতাকর্মী, সাংবাদিক, পেশাজীবী ও সাধারণ মানুষ। এ পৈশাচিকতা ও বর্বরতার হাত থেকে রেহাই পায়নি মায়ের কোলের শিশু, নারী, বৃদ্ধ এবং নিরীহ জনগণও। তাদের তিনদিনের ধ্বংসলীলায় ক্ষতির পরিমাণ দাঁড়ায় প্রায় চার হাজার কোটি টাকা।

ঘটনার পরদিন জামায়াতে ইসলামীর পক্ষ থেকে পল্টন থানায় মামলা দায়ের করা হয়। মামলায় আওয়ামী লীগসহ ১৪ দলের ৪০ জন নেতার নামসহ সহস্রাধিক ব্যক্তিকে আসামী করা হয়। ২০০৭ সালের ১১ এপ্রিল ৪৬ জন আওয়ামী লীগ ও ১৪ দলীয় নেতাকর্মীর বিরুদ্ধে আদালতে চার্জশিট দাখিল করা হয়। চার্জশিট দাখিলের পর ২২ এপ্রিল ২০০৭ মামলার চার্জশিট গ্রহণ করেন মহানগর হাকিম মীর আলী রেজা। চার্জশিট গ্রহণ করেই আদালত পলাতক আসামীদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করে। পরদিন ২৩ এপ্রিল তদন্ত কর্মকর্তার নাটকীয় আবেদনের প্রেক্ষিতে পরোয়ানা স্থগিত করে মামলাটি অধিকতর তদন্তের নির্দেশ দেন মহানগর হাকিম মীর আলী রেজা। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠনের পর তাদের দলীয় নেতাকর্মী, সমর্থক ও শুভাকাঙ্ক্ষীদের বিরুদ্ধে দেশের বিভিন্ন স্থানে দায়ের করা মামলা প্রত্যাহারের সিদ্ধান্ত নেয়। এই সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০০৯ সালের ৯ জুলাই স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব আবু সাঈদ পল্টন থানায় দায়ের করা হত্যা মামলাটি প্রত্যাহারের সিদ্ধান্ত জানিয়ে ঢাকা জেলা প্রশাসককে একটি পত্র দেয়। ১৭ আগস্ট আদালত মামলাটি প্রত্যাহারের আবেদন মঞ্জুর করে।

আইন অনুযায়ী যেকোনো হত্যা মামলা বাদীর সম্মতি ছাড়া প্রত্যাহার করার সুযোগ না থাকা সত্তেও মহাজোট সরকার তাই করেছে। আইন বিশেষজ্ঞগণ বলছেন, কোনো হত্যাকান্ডের মামলাই রাজনৈতিক বিবেচনায় প্রত্যাহার করার সুযোগ নেই।

চাল ডাল আটার

থেকে ১১০ টাকায় বিক্রি হচ্ছে। ভালো মানের মসুর ডালের দাম ১৫০ থেকে ১৭০ টাকা। মুগ ডাল মানভেদে ১২০ থেকে ১৭০ টাকায় বিক্রি হচ্ছে। গত এক সপ্তাহে এ ডালের দাম কেজিতে ১০ টাকা বেড়েছে।

বুটের ডালের দাম কেজিতে ৩০ টাকা বেড়ে ১২০ টাকায় উঠেছে। আগে এ ডালের দাম ছিল ৯০ টাকা। ছোলার ডাল কেজিতে ২০ টাকা বেড়ে ১১০ টাকায় বিক্রি হচ্ছে। ডাবলি ও অ্যাংকর ডালের দাম ১০ টাকা বেড়ে হয়েছে ৬৫ টাকা। তবে মটর ও মাসকলাই ডালের দাম অপরিবর্তিত রয়েছে। বর্তমানে মটর ডাল ১২০ টাকা এবং মাসকলাই ডাল ১৯০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। আটা-ময়দার বাজারেও স্বস্তি নেই। খোলা আটা প্রতি কেজি ৪৮ থেকে ৫০ টাকা এবং প্যাকেটজাত আটা ৬৫ থেকে ৭০ টাকায় বিক্রি হচ্ছে। টিসিবির হিসাবে, গত এক মাসে খোলা আটার দাম ২ শতাংশ এবং প্যাকেটজাত আটার দাম ৮ শতাংশ বেড়েছে। এ সময়ে খোলা ময়দার দাম ৩ দশমিক ৭০ শতাংশ এবং প্যাকেটজাত ময়দার দাম ৬ শতাংশ বেড়েছে। বর্তমানে খোলা ময়দা প্রতি কেজি ৭০ টাকা এবং প্যাকেটজাত ময়দা ৮৫ থেকে ৯০ টাকায় বিক্রি হচ্ছে।

জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রভাব

গত সেপ্টেম্বরে জ্বালানির দাম সমন্বয় করে ডিজেল, পেট্রল ও অকটেনের দাম লিটারপ্রতি ২০ টাকা বাড়ানো হয়। বিশ্ববাজারে দামের অস্থিরতা ও ভর্তুকির চাপের প্রেক্ষাপটে নেওয়া এ সিদ্ধান্তের পর পরিবহন ব্যয় বেড়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। তাদের দাবি, পরিবহন খরচের পাশাপাশি বিদ্যুৎ ও গ্যাসের সমস্যাও পণ্যের দাম বাড়ার পেছনে ভূমিকা রাখছে। পুরান ঢাকার বাসিন্দা মো. তুহিন ইসলাম বলেন, নিত্যপণ্যের দাম বারবার বাড়ায় সংসার চালানো কঠিন হয়ে পড়ছে। এমন কোনো মাস নেই, যখন কোনো না কোনো পণ্যের দাম বাড়ছে না। জীবনযাত্রার ব্যয় বেশি থাকার মধ্যে চাল-ডালের দাম বাড়ায় চাপ আরও বেড়েছে। এ কারণে বাজার করার পরিমাণও কমিয়ে দিয়েছেন তিনি।

আদনান অ্যান্ড আরাফাত ট্রেডার্সের মালিক মো. ফারুক হোসেন বলেন, জ্বালানি তেলের দাম বাড়ায় পরিবহন ভাড়া বেড়েছে। বিদ্যুৎ ও গ্যাসের সমস্যাও চালের দাম বাড়ার একটি কারণ হতে পারে। সরকার নতুন পে-স্কেল ঘোষণা দেওয়ার পর নিত্যপণ্যের দাম বেড়েছে বলেও মনে করেন তিনি।

ফারুক হোসেন বলেন, গত কয়েক দিনে খোলা পোলাও চালের দাম কেজিতে ২০ টাকা কমেছে। সরকার রপ্তানি বন্ধ করায় এ দাম কমেছে বলে তার ধারণা। তবে প্যাকেটজাত পোলাও চালের দাম কোম্পানিগুলো এখনো কমায়নি। চালের পাশাপাশি ডাল, আটা ও ময়দার দামও বেড়েছে। পরিবহন খরচ বাড়ায় আমদানি কিছুটা কমে থাকতে পারে। তবে এ বিষয়ে আমদানিকারকেরা ভালো বলতে পারবেন। রায়সাহেব বাজারের আদর জেনারেল স্টোরের স্বত্বাধিকারী মো. মোহন আহমেদ বলেন, এক মাস ধরে মুদি পণ্যের দাম বাড়তি। সম্প্রতি চালের দাম কেজিতে ২ থেকে ৩ টাকা বেড়েছে। কোনো কোনো ডালের দাম কেজিতে ১০ থেকে ২০ টাকা পর্যন্ত বেড়েছে। খোলা ও প্যাকেটজাত আটা-ময়দার দামও বেড়েছে। ধূপখোলা মাঠ বাজারের মোহাম্মদ হোসেন রাইসের ব্যবস্থাপক মো. জাহাঙ্গীর আলম বলেন, প্রায় সব ধরনের চালের দাম কেজিতে ২ থেকে ৩ টাকা বেড়েছে। খোলা পোলাও চালের দাম কমলেও প্যাকেটজাত চালের দাম আগের মতোই রয়েছে। ডিসেম্বরের শুরুতে নতুন চাল বাজারে আসার কথা। তার আগেই পুরোনো চালের দাম বেড়ে যাওয়াটা অস্বাভাবিক। নতুন চাল বাজারে এলে সাধারণত পুরোনো চালের দাম কেজিতে ১ থেকে ২ টাকা বাড়ে। এবার নতুন চাল আসার আগেই দাম বেড়েছে।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড়
ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিস্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

ব্রহ্মপুত্রে বিশ্বের বৃহত্তম বাঁধ নির্মাণে চীন, তীব্র বন্যার ঝুঁকিতে বাংলাদেশ-ভারত

দিগন্ত ডেস্ক

তিব্বতে ব্রহ্মপুত্র নদের ওপর বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ প্রকল্প নির্মাণ করছে চীন। তবে জলবায়ু পরিবর্তনের প্রভাবে এ নদীর পানিপ্রবাহ বাড়তে পারে, যা চলতি শতাব্দীতে ভাটির দেশ ভারত ও বাংলাদেশে বন্যার ঝুঁকি বাড়িয়ে দিতে পারে বলে সতর্ক করেছেন চীনা গবেষকেরা। তাদের মতে, এ পরিস্থিতি আঞ্চলিক পানিসম্পদ ব্যবস্থাপনা ও আন্তসীমান্ত নদীর পানি নিয়ে নতুন চ্যালেঞ্জ তৈরি করতে পারে।

হংকংভিত্তিক সংবাদমাধ্যম সাউথ চায়না মর্নিং পোস্টের সোমবারের এক প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। চীনের বিজ্ঞানবিষয়ক সাময়িকী চায়না সায়েন্স বুলেটিন-এ গত ৮ অক্টোবর প্রকাশিত এক গবেষণায় নদীটির অতীতের পানিপ্রবাহ এবং ভবিষ্যতের জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব বিশ্লেষণ করেছেন গবেষকেরা।

চীনের বিজ্ঞান একাডেমি ও ইউনান বিশ্ববিদ্যালয়ের গবেষক দলটি দক্ষিণ-পূর্ব তিব্বত মালভূমির গাছের বর্ষবলয়ের তথ্য ব্যবহার করে ১৫২৫ থেকে ২০২০ সাল পর্যন্ত প্রায় সাত শতাব্দীর নদীপ্রবাহ পুনর্গঠন করেছে। পরে জলবায়ুসংক্রান্ত তথ্যের সঙ্গে এসব উপাত্ত মিলিয়ে ভবিষ্যতের বিভিন্ন জলবায়ু পরিস্থিতিতে নদীটির পানিপ্রবাহ কেমন হতে পারে, তা মডেলের মাধ্যমে বিশ্লেষণ করা হয়।

গবেষণায় দেখা গেছে, ভবিষ্যতে নদীটির পানিপ্রবাহ বাড়তে পারে। একই সঙ্গে অতিরিক্ত পানিপ্রবাহের ঘটনা, যেমন বন্যা, আরো ঘন ঘন ঘটার আশঙ্কা রয়েছে। গবেষকদের মতে, নদীটির পানিপ্রবাহের দীর্ঘমেয়াদি পরিবর্তন সম্পর্কে এ বিশ্লেষণ ভবিষ্যতের পানিসম্পদসংক্রান্ত ঝুঁকি মূল্যায়নে বৈজ্ঞানিক ভিত্তি দেবে।

গবেষকেরা বলেছেন, ভবিষ্যতের পানিপ্রবাহের সম্ভাব্য পরিবর্তন বিবেচনায় নিয়ে পানিসম্পদ উন্নয়ন ও পানি সংরক্ষণের অবকাঠামো পরিকল্পনা করা প্রয়োজন। একই সঙ্গে এ অঞ্চলে একাধিক দেশের মধ্যে অভিন্ন নদীর পানি নিয়ে সৃষ্ট ঝুঁকিও মূল্যায়ন করতে হবে।

তিব্বত মালভূমিতে তাপমাত্রা বৈশ্বিক গড়ের প্রায় দ্বিগুণ হারে বাড়ছে বলে উল্লেখ করেছেন চীনা গবেষকেরা। এর প্রভাবে ওই অঞ্চলের বরফের আচ্ছাদন এবং পানিচক্রে পরিবর্তন আসছে। তাদের ভাষ্য, ইয়ারলুং সাংপো নদীর অববাহিকায় জলবায়ু উষ্ণায়নের কারণে সাম্প্রতিক বছরগুলোতে পানিপ্রবাহের ধরনে উল্লেখযোগ্য পরিবর্তন দেখা যাচ্ছে।

তিব্বতে নদীটি ইয়ারলুং সাংপো নামে পরিচিত। ভারতীয় ভূখণ্ডে প্রবেশের পর এটি প্রথমে অরুণাচল প্রদেশে সিয়াং নামে পরিচিত এবং পরে ব্রহ্মপুত্র নামে প্রবাহিত হয়েছে। নদীটি ভারতের মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। ফলে এর পানিপ্রবাহের পরিবর্তন দক্ষিণ এশিয়ার বন্যা ও খরার পরিস্থিতিতে প্রভাব ফেলতে পারে।

১৬ হাজার ৮০০ কোটি ডলারের প্রকল্প

ব্রহ্মপুত্রের ওপর চীনের নির্মাণাধীন জলবিদ্যুৎ প্রকল্পটির আনুমানিক ব্যয় ১৬ হাজার ৮০০ কোটি ডলার। তিব্বতের দক্ষিণ-পূর্বাঞ্চলে ভারতের সঙ্গে বিতর্কিত সীমান্তের কাছাকাছি মেডোগ বা চীনা নামে মেটুও জেলায় প্রকল্পটি নির্মাণ করা হচ্ছে।

হিমালয় অঞ্চলে নদীটি একটি গভীর গিরিখাতের মধ্য দিয়ে প্রবাহিত হওয়ার সময় তীক্ষ্ণ ইউ-আকৃতির বাঁক নিয়ে ভারতের অরুণাচল প্রদেশের দিকে এগিয়েছে। এই ভৌগোলিক অবস্থানকে কাজে লাগিয়েই বিশাল জলবিদ্যুৎ প্রকল্পটি নির্মাণের উদ্যোগ নিয়েছে বেইজিং।

প্রকল্পটি সম্পন্ন হলে এর স্থাপিত বিদ্যুৎ উৎপাদনক্ষমতা ৬০ হাজার মেগাওয়াটের বেশি হবে বলে ধারণা করা হচ্ছে। সে হিসাবে এটি চীনের থ্রি গর্জেস বাঁধের প্রায় তিন গুণ সক্ষমতার হতে পারে। বর্তমানে স্থাপিত উৎপাদনক্ষমতার বিচারে থ্রি গর্জেস বাঁধ বিশ্বের বৃহত্তম চালু জলবিদ্যুৎকেন্দ্র।

তবে প্রকল্পটি নিয়ে পরিবেশগত ও ভূতাত্ত্বিক ঝুঁকির উদ্বেগ রয়েছে। গত জুলাইয়ে চীনা ভূতত্ত্ববিদেরা সতর্ক করেছিলেন, প্রস্তাবিত বাঁধের ঠিক নিচ দিয়ে একটি সক্রিয় ভূ-চ্যুতি রেখা চলে গেছে, যা প্রকল্পটির কাঠামোগত স্থিতিশীলতার জন্য হুমকি হতে পারে।

সাউথ চায়না মর্নিং পোস্ট-এর প্রতিবেদন অনুযায়ী, সেডিমেন্টারি জিওলজি অ্যান্ড টেথিয়ান জিওলজি সাময়িকীতে প্রকাশিত এক গবেষণায় ভূতত্ত্ববিদেরা বাঁধ নির্মাণে ভূমিধস ঢালের স্থিতিশীলতা জোরদার এবং ভূমিকম্প ও ধসের ঝুঁকি কমাতে প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছেন।

হিমালয় অঞ্চলে দুর্যোগের ঝুঁকি

হিমালয় অঞ্চলের ভঙ্গুর ভূপ্রকৃতি ও প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকিও প্রকল্পটির নিরাপত্তা নিয়ে উদ্বেগ বাড়িয়েছে। গত ২৬ আগস্ট চীন-নেপাল সীমান্ত এলাকায় আকস্মিক বন্যার ঘটনা ঘটে। বরফ ও পাথরের ধসের কারণে অস্থায়ীভাবে নদীর প্রবাহ আটকে যাওয়ার পর সেই বাধা ভেঙে বন্যা সৃষ্টি হয়েছিল বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। ওই দুর্যোগে নেপাল ও চীনে প্রায় ১ হাজার ৫০০ মানুষের মৃত্যু এবং ৫ হাজার ৫০০ জনের বেশি নিখোঁজ হওয়ার তথ্য দেওয়া হয়েছে।

ভূমিকম্পপ্রবণ ভূতাত্ত্বিক পরিবেশ ও সংযোগসীমানার কাছে প্রকল্পটির অবস্থান হওয়ায় নির্মাণকাজে বড় ধরনের প্রকৌশলগত চ্যালেঞ্জ রয়েছে। তা সত্ত্বেও চীন প্রকল্পটির কাজ এগিয়ে নিচ্ছে।

এদিকে, চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় এর আগে প্রকল্পটি নিয়ে উদ্বেগের জবাবে বলেছে, এর ফলে ভাটির দেশগুলো ক্ষতিগ্রস্ত হবে না। কয়েক দশকের গবেষণা ও নিরাপত্তাব্যবস্থার মাধ্যমে সংশ্লিষ্ট উদ্বেগ মোকাবিলা করা হয়েছে বলেও দাবি করেছে বেইজিং।

তবে নতুন গবেষণায় ব্রহ্মপুত্রের ভবিষ্যৎ পানিপ্রবাহ বৃদ্ধি এবং বন্যার ঝুঁকি নিয়ে যে সতর্কতা দেওয়া হয়েছে, তা নদীটির ওপর নির্ভরশীল ভারত ও বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ। জলবায়ু পরিবর্তন, বাঁধ নির্মাণ এবং আন্তঃসীমান্ত পানিব্যবস্থাপনার বিষয়গুলো এ অঞ্চলে ভবিষ্যৎ পানি নিরাপত্তার ক্ষেত্রে বড় চ্যালেঞ্জ হয়ে উঠতে পারে।

সাবেক এমপি সাংবাদিক

কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আনিসুর রহমান এবং থানা পুলিশের একটি দল। পরে মরদেহের কফিনে তাঁরা ফুলেল শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এরপর একই স্থানে জানাজা অনুষ্ঠিত হয়। এতে ইমামতি করেন স্থানীয় চান্দ্রা দরবার শরীফের পীর মাওলানা হুজ্জাতুল্লাহ।

এরপূর্বে উপস্থিত মুসল্লীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন চাঁদপুর পৌরসভার সাবেক মেয়র ও কার্যক্রম নিষিদ্ধ সংগঠন আওয়ামী লীগের চাঁদপুর জেলা সভাপতি নাছির উদ্দিন আহমেদ, জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাড. জহিরুল ইসলাম, সিনিয়র আইনজীবী মজিবুর রহমান ভূঁইয়া, চাঁদপুর প্রেসক্লাব এর সাবেক সভাপতি রহিম বাদশা, ফরিদগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের আহবায়ক শাহাদাত হোসেন সাবু পাটওয়ারী।

এর আগে তিনি গত শনিবার (২৪ অক্টোবর) বিকেল ৩টার দিকে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর।

সাংবাদিক মুহম্মদ শফিকুর রহমান ফরিদগঞ্জ উপজেলার বালিথুবা পূর্ব ইউনিয়নের কৃষ্ণপুর গ্রামের মৃত মৌলভী আব্দুল হামিদ ও আয়েশা খাতুন দম্পতির ছেলে। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও এক কন্যা সন্তান রেখে গেছেন।

পরিবার থেকে জানানো হয় শুক্রবার (২৩ অক্টোবর) রাতে বনানীর নিজ বাসভবনে তিনি স্ট্রোক করেন। পরে পরিবারের সদস্যরা তাকে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করেন। সেখানে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

হাইমচরে দুই প্রতিষ্ঠানকে

আরেকটি রেস্টুরেন্টকে পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার (২৬ অক্টোবর) হাইমচর উপজেলার চরভৈরবী মাছঘাট সংলগ্ন এলাকায় পরিচালিত অভিযানে 'ইসলামিয়া হোটেল' নামের খাবারের দোকানটিকে মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী ৫০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। পাশাপাশি দোকানটি থেকে আনুমানিক ১৮ কেজি ইলিশ মাছ জব্দ করা হয়। পরে জব্দ করা মাছ দুটি এতিমখানায় বিতরণ করা হয়।

এ ছাড়া একই ইউনিয়নে অবস্থিত 'ক্যাফে জমজম রেস্টুরেন্ট অ্যান্ড ফাস্ট ফুড' নামের প্রতিষ্ঠানটিকে অপরিচ্ছন্ন পরিবেশে খাদ্যপণ্য বিক্রির দায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান চলাকালে হাইমচর থানা পুলিশের একটি দল সহযোগিতা প্রদান করে। দুই প্রতিষ্ঠানে মোট ৫৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।





ছেংগারচর পৌর

হয়েছে। আশা করছি খুব শীঘ্রই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বক্তব্যে তিনি স্থানীয় মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্পের বেড়িবাঁধের সুরক্ষা এবং ধনাগোদা নদীতে অবৈধ ঝাঁক দিয়ে মাছ শিকারসহ এলাকার নানা বিদ্যমান সমস্যা নিয়েও কথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন মতলব উত্তর উপজেলা নির্বাহী অফিসার ও ছেংগারচর পৌরসভার পৌর প্রশাসক মাহমুদা কুলসুম মনি, পৌর নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) শাহ্ সুফিয়ান খান, মতলব উত্তর উপজেলা বিএনপির সাবেক সভাপতি নুরুল হক সরকার, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক উজ্জ্বল ফরাজী, পৌর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আবু সাঈদ বেপারী এবং পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আশেফ মাহমুদ সংগ্রাম, পৌর ছাত্রদলের সাবেক আহ্বায়ক রাজিব,পৌর ছাত্রদলের আহ্বায়ক শাকিল খান। এছাড়াও অনুষ্ঠানে স্থানীয় গণমাধ্যমকর্মীসহ ছেংগারচর পৌরসভার বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

পে-স্কেল বাস্তবায়নের

শিক্ষকেরা চরম দুর্ভোগ পোহাচ্ছেন। শিক্ষকদের এই অহেতুক ভোগান্তি কমাতে অবিলম্বে বদলির ফল প্রকাশ করতে হবে।

পে স্কেলের বিষয়ে দেলোয়ার হোসেন আজিজী বলেন, সরকারি চাকরিজীবীরা চলতি মাস থেকে নবম পে স্কেল অনুযায়ী বেতন পেলেও এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা কবে থেকে নতুন পে স্কেলের সুফল পাবেন, তা এখনো অনিশ্চিত। এই ধোঁয়াশা ও অনিশ্চয়তা দূর করতে তাঁদের জন্য অবিলম্বে পে স্কেল বাস্তবায়নের সরকারি নির্দেশনা জারি করতে হবে।

এ ছাড়া এমপিওভুক্ত শিক্ষকদের নামমাত্র উৎসব ভাতা প্রদানকে চরম বৈষম্য হিসেবে উল্লেখ করে তিনি বলেন, দীর্ঘদিনের এই বৈষম্য অবিলম্বে দূর করে আসন্ন ঈদে সরকারি শিক্ষকদের মতো শতভাগ উৎসব ভাতা দিতে হবে।

এই তিন দফা যৌক্তিক দাবি আদায়ে আগামী ৪ নভেম্বর ঢাকায় কেন্দ্রীয়ভাবে অবস্থান কর্মসূচি পালন করবেন এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা।

মতলবে পুলিশের

চালায়। রাত আনুমানিক ৭টা ১০ মিনিটে মিরামা তালুকদার বাড়ীর সামনের রাস্তা থেকে ২৫ পিস ইয়াবাসহ রিপন তালুকদার (৩০) নামের এক যুবককে গ্রেফতার করা হয়। তিনি মিরামা গ্রামের সিরাজ তালুকদারের ছেলে। এ ঘটনায় তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

একই রাতে অপর এক অভিযানে এসআই (নিরস্ত্র) শুভজিত পাল সংগীয় ফোর্সসহ চর পয়ালী ভূইয়া বাড়ীর সামনের পাকা রাস্তায় অভিযান চালান। রাত ৭টা ২৫ মিনিটে ১৫ গ্রাম গাঁজাসহ মোঃ মনির পাঠান (৪৫) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়। তিনি ৩নং খাদেরগাঁও ইউনিয়নের পুঁটিয়া গ্রামের মোঃ সোবহান পাঠানের ছেলে। তার বিরুদ্ধেও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা রুজু করা হয়।

এছাড়া, ২৬ অক্টোবর সকালে এএসআই (নিরস্ত্র) এ কে এম মাসুদুর রহমান সংগীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে সিআর-০৫/২০ মামলার পরোয়ানাভুক্ত আসামী শুভঙ্কর চন্দ্র দাস (৪৬) কে নায়েরগাঁও এলাকা থেকে গ্রেফতার করেন। তিনি নায়েরগাঁও গ্রামের মৃত সুকুমার চন্দ্র দাসের ছেলে।

এ বিষয়ে মতলব দক্ষিণ থানার অফিসার ইনচার্জ (ওসি) জনাব হাফিজুর রহমান মানিক জানান, মাদকমুক্ত সমাজ গঠনে এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে। আজ গ্রেফতারকৃত সকল আসামীকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

ফরিদগঞ্জে প্রধান শিক্ষকসহ

প্রধান শিক্ষকের সঙ্গে যোগসাজশ করে বিদ্যালয়ের হিসাব-নিকাশ পরিচালনা করতেন বলেও অভিযোগ উঠেছে।

বিদ্যালয়ের বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি সোহেল বেপারীর সন্দেহের পরিপ্রেক্ষিতে গত ২৭ সেপ্টেম্বর পাঁচ সদস্যের একটি অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করা হয়। কমিটি ২০২১ সাল থেকে চলতি বছর পর্যন্ত বিদ্যালয়ের ক্যাশ বই ও ব্যাংক হিসাব যাচাই করে ৩৩ লাখ ১৫ হাজার ৮০৯ টাকা আত্মসাতের তথ্য পেয়েছে বলে দাবি করা হয়।

বেসরকারি শিক্ষক ও কর্মচারী বিধিমালার ৪.১৭ বিধি অনুযায়ী বিষয়টিকে দণ্ডনীয় অপরাধ হিসেবে বিবেচনা করে কমিটি অর্থ ফেরতের নির্দেশ দেয়।

সাময়িক বরখাস্তের বিষয়টি নিশ্চিত করে সভাপতি সোহেল বেপারী বলেন, "আমরা আপাতত শুধু বড় অংকের অনিয়মগুলোর হিসাব করেছি। ফরিদগঞ্জ থেকে ঢাকা যাতায়াতে ২০ হাজার টাকা কিংবা কুমিল্লা যাতায়াতে ১০ হাজার টাকা বিল দেখানোর মতো অনেক ছোট ও ভুয়া হিসাব এড়িয়ে যাওয়া হয়েছে। প্রধান শিক্ষক ও অফিস সহকারী বিদ্যালয়টিকে দুর্নীতির আখড়ায় পরিণত করেছেন।"

"ভুয়া মেডিক্যাল সার্টিফিকেট ব্যবহার করে অফিস সহকারী প্রায় নয় মাস প্রবাসে কাটিয়েছেন, যা পরে অবৈধভাবে বৈধ করা হয়েছে", দাবি করেন তিনি।

বিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে এ পদক্ষেপ নেওয়া হয়েছে জানিয়ে সোহেল বেপারী বলেন, "বরখাস্তের এই সিদ্ধান্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে জানানো হয়েছে।"

বিদ্যালয়ের শিক্ষক আতিকুর রহমান, জাহিদ ও সোলায়মান পাটওয়ারীও হিসাব-নিকাশে গরমিল থাকার বিষয়টি সত্য বলে দাবি করেন। তাদের মতে, আগে কমিটি থাকলেও কার্যকর তদারকি ছিল না।

তবে নিজেদের বিরুদ্ধে আনা সব অভিযোগ প্রত্যাখ্যান করেছেন প্রধান শিক্ষক ও অফিস সহকারী।

প্রধান শিক্ষক কবির আহমেদ বলেন, "আমার নিম্ন গ্রেডের কেউ আমার বিরুদ্ধে তদন্ত করার এখতিয়ার রাখে না। তাই আমি কোনো চিঠি গ্রহণ করিনি এবং এক টাকাও আত্মসাৎ করিনি।"

অফিস সহকারী সাইফুল ইসলাম বলেন, "আমরা কোনো চিঠি নিইনি এবং বিদ্যালয়ের এক টাকাও আত্মসাৎ করিনি। বিদ্যালয়ের অর্থ কমিটিই যাবতীয় হিসাব-নিকাশ দেখভাল করেছে।"

এবার ভারতজুড়ে বিজেপি'র

সমাবেশ করে দলটি। এ ঘটনায় কংগ্রেস সভাপতির কঠোর সমালোচনা করেছেন ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। তিনি বলেন, সবচেয়ে দুঃখজনক বিষয় হলো, এমন মন্তব্য কোনো সাধারণ কর্মী বা তরুণ নেতা করেননি; করেছেন দেশের অন্যতম প্রাচীন রাজনৈতিক দলের জাতীয় সভাপতি। রাজনাথের অভিযোগ, ভুল স্বীকার করে অনুশোচনা প্রকাশের বদলে কংগ্রেস খাড়গের বক্তব্যকে যুক্তিযুক্ত করার চেষ্টা করছে, যা মানুষের অনুভূতিতে আঘাত করছে।

কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ জোশীও খাড়গের বক্তব্যের সমালোচনা করেন। তিনি বলেন, কংগ্রেসের নেতারা হতাশা থেকে এমন বক্তব্য দিচ্ছেন এবং এ ধরনের মন্তব্য ভারতের সংস্কৃতির পরিপন্থী। তার দাবি, প্রয়াত ব্যক্তিদের নাম টেনে আনা রাজনৈতিক হতাশারই বহিঃপ্রকাশ।

তবে বিজেপির সমালোচনার জবাব দিয়েছেন খাড়গের ছেলে ও কর্ণাটকের মন্ত্রী প্রিয়াঙ্ক খাড়গে। তিনি বলেন, বিজেপি নেতারা অতীতে নরেন্দ্র মোদি ও অমিত শাহের বক্তব্য ভুলে গেছেন। তাদের কাছ থেকে সংস্কৃতি শেখার প্রয়োজন নেই। অন্যদিকে, বিরোধী জোট 'ইন্ডিয়া'র শরিক রাষ্ট্রীয় জনতা দল (আরজেডি)-এর সংসদ সদস্য মনোজ ঝা খাড়গের মন্তব্যের সমালোচনা করলেও রাজনৈতিক প্রতিক্রিয়ার দ্বৈত মানদণ্ড নিয়ে প্রশ্ন তুলেছেন। তার বক্তব্য, অতীতে বিজেপি নেতারা সোনিয়া গান্ধী ও মল্লিকার্জুন খাড়গেকে নিয়ে মন্তব্য করলেও সংবাদমাধ্যম ও অন্য রাজনৈতিক দলগুলোর মধ্যে একই মাত্রার ক্ষোভ দেখা যায়নি। তথ্যসূত্রঃ এনডিটিভি।

চান্দ্রা ইউনিয়নের সাবেক

এবং দুই হাত ভেঙে যায় বলে তিনি দাবি করেন।

তাঁর চিৎকার শুনে স্থানীয়রা এগিয়ে এলে হামলাকারীরা ঘটনাস্থল থেকে চলে যায়।

পরে পরিবারের সদস্যরা খবর পেয়ে তাঁকে উদ্ধার করে চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে নিয়ে ভর্তি করেন।

এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু তদন্তের মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন সাবেক এই চেয়ারম্যান। পাশাপাশি হামলাকারীদের দ্রুত গ্রেপ্তার করে আইনের আওতায় আনার জন্য সংশ্লিষ্ট প্রশাসনের হস্তক্ষেপে কামনা করেন।

নিষেধাজ্ঞা তবুও মতলবে বিক্রি

ইলিশ ভাজা। স্থানীয় মানুষের কাছে ডিমবিহীন ইলিশের চেয়ে ডিমওয়ালা ইলিশের চাহিদা বেশি।

খোঁজ নিয়ে জানা গেছে, মোহনপুর নৌ পুলিশ ফাঁড়ি থেকে মাত্র ৩০০ মিটার দূরত্বে মেঘনাপাড়ের মোহনপুর বাজারে অবস্থিত উপজেলা সাব-রেজিস্ট্রি অফিস। সপ্তাহের রবি ও সোমবার এখানে জমি নিবন্ধন করা হয়। সপ্তাহে মাত্র দুই দিন নিবন্ধন কার্যক্রম চলায় এ দুই দিনে চার শতাধিক দলিল নিবন্ধন হয় বলে জানা গেছে। এতে প্রায় ৮০০ পক্ষের লোকজনের সমাগম ঘটে। জমি নিবন্ধন করতে আসা এসব মানুষের হাতে পর্যাপ্ত নগদ টাকাও থাকে।

এ কারণে রবিবার (২৫ অক্টোবর) নিবন্ধন অফিস খোলা থাকার দিনে মোহনপুর বাজারের ভাতের হোটেলগুলোতে প্রচুর ইলিশ ভাজা বিক্রি হতে দেখা গেছে।

আইন অমান্য করে স্থানীয় হাটবাজার কিংবা হোটেলে ইলিশ বিক্রি হতে দেখলে সচেতন নাগরিকদের উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অথবা উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করা জরুরি। তবে মেঘনাপাড়ের কয়েকজন স্কুলশিক্ষক জানান, স্থানীয় লোকজন তথ্য দেওয়াকে ঝামেলা ও ঝুঁকিপূর্ণ মনে করায় এ বিষয়ে তথ্য দিতে চান না।

উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাবেক সভাপতি মতিউর রহমান চৌধুরী বলেন, ইলিশের প্রজননের জন্য সরকার নির্ধারিত নিষিদ্ধ সময়ে স্থানীয় হাটবাজার, হোটেল ও রেস্তোরাঁয় অবাধে ইলিশ বিক্রি দেশের মৎস্যসম্পদ বৃদ্ধির ক্ষেত্রে মারাত্মক প্রতিবন্ধকতা। এ সময়ে ইলিশের প্রজনন এলাকায় প্রশাসনকে কঠোর হওয়ার পাশাপাশি স্থানীয় সচেতন মহলকেও দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে।

উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা স্বপন চন্দ্র দে জানান, মাছ ধরা নিষিদ্ধ এলাকার হোটেল-রেস্তোরাঁয় খাওয়ার জন্য ইলিশ পরিবেশন করাও সম্পূর্ণ নিষিদ্ধ। এ ধরনের ঘটনা ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

উপজেলা টাস্কফোর্স কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি বলেন, মা ইলিশ শিকারের নিষিদ্ধ সময়ে মৎস্যসম্পদ বৃদ্ধির স্বার্থে স্থানীয় সচেতন মানুষদেরও এ বিষয়ে ভূমিকা রাখা উচিত।

মতলবে আটক নিষিদ্ধ ছাত্রলীগ

প্রচার সম্পাদক। তামজিদ মৃধার বিরুদ্ধে মতলব দক্ষিণ থানায় ২০২৬ সালের ২০ সেপ্টেম্বর সন্ত্রাসবিরোধী আইনে মামলা রয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, গত ২৪ অক্টোবর রাত ৯টার দিকে মতলব দক্ষিণ উপজেলার নায়েরগাঁও দক্ষিণ ইউনিয়নের আশ্বিনপুর মাদ্রাসার সামনে থেকে নিষিদ্ধ ঘোষিত সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের নায়েরগাঁও দক্ষিণ ইউনিয়ন শাখার সভাপতি তামজিদ হাসান মৃধাকে আটক করে পুলিশ। খবর পেয়ে ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক শরীফ পাটোয়ারী, উপজেলা যুবদলের সদস্য এবং আটক তামজিদ মৃধার বড় ভাই তোফায়েল মৃধা, আরেক ভাই ইউনিয়ন বিএনপির প্রচার সম্পাদক আলম মৃধাসহ কয়েকজন ঘটনাস্থলে উপস্থিত হন। একপর্যায়ে তাঁরা পুলিশকে চাপ দিয়ে আটক ছাত্রলীগ সভাপতিকে ছাড়িয়ে নিয়ে যান। এ ঘটনাটি প্রকাশ্যে আসার পর স্থানীয় বিএনপি নেতাকর্মীসহ এলাকাবাসীর মধ্যে তীব্র ক্ষোভ ও সমালোচনার ঝড় বইছে।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক বিএনপির নেতাকর্মী ও এলাকাবাসী জানান, আটক তামজিদ মৃধার কাছ থেকে মাদক উদ্ধার করা হলেও সবকিছু জেনে শুনে মোটা অঙ্কের টাকার বিনিময়ে তাঁকে ছাড়িয়ে নেন বিএনপি নেতা আবুল কালাম আজাদ। এর ফলে দলের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ন হচ্ছে বলে অভিযোগ করেন তারা। এলাকাবাসীর দাবি, গত ৫ আগস্টের পর থেকে এই বিএনপি নেতা সরকারি গাছ বিক্রি, সরকারি চাল আত্মসাৎসহ নানা ধরনের অনিয়ম ও অনৈতিক কর্মকাণ্ডের সাথে জড়িয়ে পড়েছেন। মতলব দক্ষিণ উপজেলা বিএনপির সভাপতি, সাধারণ সম্পাদকসহ জ্যেষ্ঠ নেতৃবৃন্দের কাছে বিষয়টি নিরপেক্ষ তদন্ত করে অবিলম্বে আবুল কালাম আজাদসহ তার সহযোগীদের দল থেকে বহিষ্কারের জোর দাবি জানান তারা।

ঘটনার বিষয়ে জানতে চাইলে মতলব দক্ষিণ থানা এসআই দেলোয়ার হোসেন জানায়, অভিযান চালানোর সময় তানজিদ মৃধাকে আটক করা হয়েছিল। পরবর্তীতে ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এসে তাঁকে নিয়ে যান। তবে তাৎক্ষণিক তামজিদ মৃধা যে ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আমরা তা শনাক্ত করতে পারেনি। পরে বিষয়টি জানা গেছে সে ছাত্রলীগ নেতা।

অভিযোগের বিষয়ে ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ বলেন, তামজিদ মৃধাকে ছাড়িয়ে নেওয়ার সময় আমি ছিলাম না। তার ভাই তোফায়েল মৃধা ও আলম মৃধা তাকে পুলিশের কাছ থেকে ছাড়িয়ে নিয়েছে। আমি পরে গিয়ে জানতে পেরেছি পুলিশ তাকে ছেড়ে দিয়েছে।

কচুয়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে

খামারে শ্রমিক হিসেবে কাজ করছিলেন। ঘটনার দিন প্রতিদিনের মতো তাঁরা খামারে মাছের খাবার দিতে যান। এ সময় বৈদ্যুতিক ত্রুটির কারণে দুজনই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হন।

পরে স্থানীয় লোকজন তাঁদের উদ্ধার করে দ্রুত কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে পরীক্ষা-নিরীক্ষা শেষে কর্তব্যরত চিকিৎসক আলাউদ্দিনকে মৃত ঘোষণা করেন।

কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. তাসনুবা মরিয়ম আলাউদ্দিনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, আহত আরিফকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।

এদিকে দুর্ঘটনার বিষয়ে জানতে মৎস্য খামারের মালিক মহিউদ্দিনের সঙ্গে মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁর ব্যবহৃত দুটি নম্বরই বন্ধ পাওয়া যায়।

কচুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজিজুল ইসলাম আকাশ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করেছে। পরে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

আয়কর রিটার্ন না দিলে যে ৫ বিপদে পড়তে পারেন

দিগন্ত ডেস্ক

বাংলাদেশে করব্যবস্থার আওতা বাড়ানো এবং করদাতাদের নিয়মিত রিটার্ন দাখিলে উৎসাহিত করতে কঠোর হচ্ছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। কর শনাক্তকরণ নম্বর বা টিআইএন (ঞওঘ) নেওয়ার পরও অনেকে নিয়মিত আয়কর রিটার্ন জমা দেন না। অথচ আইন অনুযায়ী যাদের রিটার্ন দাখিল বাধ্যতামূলক, তাদের নির্ধারিত সময়ে তা জমা না দিলে আর্থিক জরিমানা, কর-সুবিধা হারানো এবং বিভিন্ন সরকারি সেবা গ্রহণে জটিলতার মুখে পড়তে হতে পারে। বিশেষ করে করযোগ্য আয় থাকা সত্ত্বেও রিটার্ন না দিলে পরিস্থিতি আরও জটিল হতে পারে।

তাই শুধু টিআইএন নেওয়াই যথেষ্ট নয়; নিজের আয়, করযোগ্যতা এবং রিটার্ন দাখিলের আইনি বাধ্যবাধকতা সম্পর্কে সচেতন থাকাও জরুরি। আয়কর আইন, ২০২৩ অনুযায়ী রিটার্ন দাখিলে ব্যর্থ হলে কী ধরনের শাস্তি ও আর্থিক ঝুঁকি তৈরি হতে পারে, তা জেনে নেওয়া প্রয়োজন।

সাধারণ মানুষের মধ্যে একটি প্রচলিত ধারণা হলো, টিআইএন থাকলেই প্রত্যেককে প্রতিবছর আয়কর রিটার্ন জমা দিতে হবে। বাস্তবে বিষয়টি নির্ভর করে সংশ্লিষ্ট ব্যক্তির আয়, আইনগত বাধ্যবাধকতা এবং প্রযোজ্য বিধানের ওপর।

বার্ষিক আয় করমুক্ত সীমার নিচে থাকলেই যে সব ক্ষেত্রে রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা থাকবে না, এমন নয়। নির্দিষ্ট শ্রেণির করদাতা এবং আইন অনুযায়ী যাদের রিটার্ন দাখিল করতে হয়, তাদের আয় কম হলেও বাধ্যবাধকতা থাকতে পারে। অন্যদিকে, যাদের জন্য রিটার্ন দাখিল বাধ্যতামূলক নয়, তাদের ক্ষেত্রে শুধু টিআইএন থাকার বিষয়টি বিবেচনা করেই সব পরিস্থিতিতে একই সিদ্ধান্তে পৌঁছানো যায় না।

এ ছাড়া বিভিন্ন সরকারি ও বেসরকারি সেবা গ্রহণের ক্ষেত্রে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র বা প্রাপ্তিস্বীকারপত্র প্রয়োজন হতে পারে। ফলে ব্যবসা পরিচালনা, সম্পত্তি-সংক্রান্ত কাজ কিংবা অন্যান্য নির্দিষ্ট সেবা গ্রহণের ক্ষেত্রে রিটার্ন দাখিলের বিষয়টি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

রিটার্ন না দিলে যে ৫ ধরনের শাস্তি ও জটিলতায় পড়তে পারেন

১. আর্থিক জরিমানা ও অতিরিক্ত দণ্ড

নির্ধারিত সময়ে আয়কর রিটার্ন দাখিল না করলে আয়কর আইন, ২০২৩-এর ২৬৬ ধারার আওতায় জরিমানা আরোপ করা হতে পারে। আইনের বিধান অনুযায়ী, যুক্তিসঙ্গত কারণ ছাড়া নির্ধারিত রিটার্ন দাখিলে ব্যর্থ হলে উপকর কমিশনার সর্বশেষ নিরূপিত আয়ের ওপর ধার্যকৃত করের ১০ শতাংশ হারে জরিমানা আরোপ করতে পারেন। এ ক্ষেত্রে জরিমানার ন্যূনতম পরিমাণ এক হাজার টাকা। ব্যর্থতা অব্যাহত থাকলে প্রতিদিন ৫০ টাকা হারে অতিরিক্ত জরিমানার বিধানও রয়েছে।

তবে জরিমানার ক্ষেত্রে আইনে নির্দিষ্ট সর্বোচ্চ সীমা রয়েছে। আগে আয় নিরূপণ করা হয়নি—এমন ব্যক্তিগত করদাতার ক্ষেত্রে সর্বোচ্চ জরিমানা পাঁচ হাজার টাকা হতে পারে। আগে আয় নিরূপণ করা হয়ে থাকলে জরিমানার সীমা সর্বশেষ নিরূপিত আয়ের ওপর ধার্যকৃত করের ৫০ শতাংশ অথবা এক হাজার টাকা—দুটির মধ্যে যেটি বেশি, সেই অনুযায়ী নির্ধারিত হয়।

এ ছাড়া নির্দিষ্ট তদন্ত বা আইনগত প্রক্রিয়ায় আয়কর-সংক্রান্ত তথ্য, রিটার্ন কিংবা প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের বাধ্যবাধকতা অমান্য করলে পৃথক জরিমানার বিধান প্রযোজ্য হতে পারে। তবে সব ধরনের ব্যর্থতার ক্ষেত্রে একই অঙ্কের জরিমানা প্রযোজ্য নয়; সংশ্লিষ্ট ধারার শর্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়।

২. কর রেয়াত ও অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত হওয়ার ঝুঁকি

নির্ধারিত সময়ে রিটার্ন দাখিল না করলে করদাতারা বিভিন্ন কর রেয়াত বা সুবিধা পাওয়ার ক্ষেত্রে সমস্যায় পড়তে পারেন। আয়কর আইন, ২০২৩-এর ১৭৪ ধারায় নির্ধারিত সময়ে রিটার্ন দাখিল না করার ক্ষেত্রে কর নিরূপণ ও প্রযোজ্য সুবিধার ওপর বিধিনিষেধ রয়েছে।

সাধারণত নির্দিষ্ট খাতে বিনিয়োগের বিপরীতে কর রেয়াত পাওয়ার সুযোগ থাকে। তবে নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল না করলে সংশ্লিষ্ট করদাতা সেই সুবিধা পাওয়ার যোগ্যতা হারাতে পারেন বা সীমাবদ্ধতার মুখে পড়তে পারেন।

সঞ্চয়পত্রসহ বিভিন্ন বিনিয়োগের ক্ষেত্রে কর-সংক্রান্ত সুবিধা হিসাব করার সময় তাই রিটার্ন দাখিলের সময়সীমা ও প্রযোজ্য আইন সম্পর্কে সচেতন থাকা জরুরি। সময়মতো রিটার্ন জমা না দেওয়ার ফলে করের হিসাবেও অতিরিক্ত আর্থিক চাপ তৈরি হতে পারে।

৩. প্রতি মাসে অতিরিক্ত ২ শতাংশ হারে বিলম্বজনিত সুদ

রিটার্ন দাখিলে দেরি হলে শুধু জরিমানাই নয়, নির্দিষ্ট পরিস্থিতিতে অতিরিক্ত কর বা বিলম্বজনিত সুদের দায়ও তৈরি হতে পারে।

প্রযোজ্য বিধান অনুযায়ী, নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল না করলে বকেয়া করের ওপর প্রতি মাসে ২ শতাংশ হারে বিলম্বজনিত সুদ আরোপের বিধান রয়েছে। এর ফলে করদাতার প্রকৃত বকেয়া দায় সময়ের সঙ্গে বেড়ে যেতে পারে।

তবে অতিরিক্ত অর্থের হিসাব নির্ভর করে প্রযোজ্য আইনি বিধান, বকেয়া করের পরিমাণ, অগ্রিম কর ও উৎসে কর্তনের হিসাব এবং বিলম্বের সময়কালের ওপর। তাই প্রত্যেক করদাতার ক্ষেত্রে একই অঙ্কের অতিরিক্ত অর্থ প্রযোজ্য হবে, এমনটি বলা যায় না।

৪. গ্যাস, বিদ্যুৎ, পানি ও অন্যান্য সেবা পেতে জটিলতা

আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা কার্যকর করতে আইন অনুযায়ী নির্দিষ্ট ক্ষেত্রে বিভিন্ন সেবা গ্রহণের সঙ্গে রিটার্ন জমার প্রমাণপত্র যুক্ত করা হয়েছে। ফলে রিটার্ন দাখিলে ব্যর্থ হলে সংশ্লিষ্ট সেবা গ্রহণ বা নবায়নের ক্ষেত্রে জটিলতা তৈরি হতে পারে।

বাড়ি, ব্যবসাপ্রতিষ্ঠান কিংবা শিল্পকারখানার ক্ষেত্রে নির্দিষ্ট সেবা গ্রহণের সময় কর-সংক্রান্ত কাগজপত্র প্রয়োজন হলে তা দিতে ব্যর্থ হওয়ার কারণে কার্যক্রম ব্যাহত হতে পারে। গ্যাস, বিদ্যুৎ, পানি কিংবা অন্যান্য সরকারি পরিষেবার ক্ষেত্রে প্রযোজ্য বিধান ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ক্ষমতা অনুযায়ী ব্যবস্থা নেওয়ার প্রশ্নও আসতে পারে।

তবে রিটার্ন জমা না দিলেই সব ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে গ্যাস, বিদ্যুৎ বা পানির সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে—এমন সিদ্ধান্তে পৌঁছানো ঠিক নয়। কোন সেবার ক্ষেত্রে কী ব্যবস্থা নেওয়া যাবে, তা সংশ্লিষ্ট আইনের নির্দিষ্ট বিধান ও পরিস্থিতির ওপর নির্ভর করে।

৫. চাকরিজীবীদের বেতন-ভাতা ও দাপ্তরিক কাজে জটিলতা

সরকারি ও বেসরকারি চাকরিজীবীদের জন্যও আয়কর রিটার্ন দাখিল গুরুত্বপূর্ণ। নির্দিষ্ট পদ, বেতন বা আইনগত শ্রেণির আওতায় থাকা চাকরিজীবীদের রিটার্ন জমা দেওয়া বাধ্যতামূলক হতে পারে। এ ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল না করলে দাপ্তরিক কাজে জটিলতা তৈরি হওয়ার আশঙ্কা থাকে।

সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিধান অনুযায়ী রিটার্ন দাখিলের প্রমাণপত্র চাওয়া হতে পারে। তা জমা দিতে ব্যর্থ হলে প্রশাসনিক জটিলতা বা প্রযোজ্য বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়ার পরিস্থিতি তৈরি হতে পারে।

একইভাবে, বেসরকারি করপোরেট প্রতিষ্ঠানের নির্দিষ্ট পর্যায়ের কর্মকর্তাদের কাছেও আয়কর রিটার্নের কপি বা প্রমাণপত্র চাওয়া হতে পারে। তবে রিটার্ন জমা না দেওয়ার কারণে সবার বেতন স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে কিংবা বেতন থেকে নির্দিষ্ট অংশ কেটে রাখা হবে—এমন সাধারণ নিয়ম ধরে নেওয়া উচিত নয়। এ ধরনের ব্যবস্থা সংশ্লিষ্ট আইন, চাকরিবিধি ও প্রতিষ্ঠানের প্রযোজ্য নীতিমালার ওপর নির্ভরশীল।

কখন রিটার্ন জমা দেবেন?

আয়কর রিটার্ন দাখিলের ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা মেনে চলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আয়কর আইন, ২০২৩ অনুযায়ী সাধারণ স্বাভাবিক ব্যক্তি করদাতাদের জন্য সাধারণত ৩০ নভেম্বর করদিবস হিসেবে নির্ধারিত। তবে এনবিআর বিশেষ আদেশে সময়সীমা বাড়াতে পারে এবং করদাতার শ্রেণি অনুযায়ী নিয়মেও পার্থক্য থাকতে পারে। নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন জমা দিলে প্রযোজ্য নিয়ম অনুযায়ী কর পরিশোধ করে অতিরিক্ত বিলম্বজনিত জরিমানা এড়ানো সম্ভব। অন্যদিকে, সময়সীমা পার হওয়ার পর রিটার্ন জমা দিলে অতিরিক্ত কর, সুদ বা জরিমানার বিধান প্রযোজ্য হতে পারে।রটার্ন দাখিলের সময়সীমা ও কর-সুবিধা নিয়ে করদাতাদের মধ্যে বিভিন্ন ধারণা প্রচলিত রয়েছে। যেমন, জুলাই থেকে সেপ্টেম্বরের মধ্যে রিটার্ন জমা দিলে বিশেষ সুবিধা পাওয়া যায়, অক্টোবর থেকে ডিসেম্বরের মধ্যে জমা দিলে স্বাভাবিক কর দিতে হয় এবং জানুয়ারি থেকে জুনের মধ্যে জমা দিলে অতিরিক্ত জরিমানা দিতে হয়—এমন সময়ভিত্তিক হিসাব সব করবর্ষ ও সব শ্রেণির করদাতার ক্ষেত্রে একইভাবে প্রযোজ্য ধরে নেওয়া ঠিক নয়।